

'এখানে নতুন কিছু করার সুযোগ আছে' -পৃষ্ঠা-৩


হৃদয়ে লাল সবুজ

# আমাদের সূর্যোদয়

বর্ষ ৪ ঃ সংখ্যা-৮১ ঃ মেহেরপুর-শুক্রবার ৯ জানুয়ারি ২০২৬ ইং ঃ ২৫ পৌষ ১৪৩২ বাংলা ঃ ১৯ রজব ১৪৪৭ হিজরি ঃ পৃষ্ঠা-০৪ মূল্য-৪.০০ টাকা www.amadersurjodoy.com


## নির্বাচনে সাংবাদিক ও পর্যবেক্ষকদের কার্ড পেতে আবেদন অনলাইনে

সূর্যোদয় প্রতিবেদন


ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচন ও গণভোট সামনে রেখে সাংবাদিক ও দেশীয় পর্যবেক্ষকদের কার্ড প্রদান প্রক্রিয়ায় পরিবর্তন এনেছে নির্বাচন কমিশন (ইসি)। এবার থেকে নির্বাচন সংক্রান্ত কার্ড ও গাড়ির স্টিকার পেতে অনলাইনে আবেদন করতে হবে। বৃহস্পতিবার (৮ জানুয়ারি) নির্বাচন কমিশনের জনসংযোগ পরিচালক মো. রুহুল আমিন মল্লিক এ তথ্য জানান। তিনি বলেন, "প্রতিবার নির্বাচনে সাংবাদিক ও পর্যবেক্ষকদের নির্বাচন কমিশন কিংবা রিটার্নিং কর্মকর্তার কার্যালয়ে সশরীরে আবেদন করতে হতো। আবেদন অনুমোদনের পর কার্ড ও গাড়ির স্টিকার সরবরাহ করা হতো। এতে সময় ও অর্থ–দুটোই বেশি ব্যয় হতো। এসব বিবেচনায় এবার অনলাইন পদ্ধতিতে আবেদন গ্রহণের সিদ্ধান্ত নেওয়া হয়েছে।" মো. রুহুল আমিন মল্লিক জানান, এ লক্ষ্যে নির্বাচন কমিশনের জনসংযোগ শাখার জন্য একটি পৃথক ওয়েবসাইট

২-এর পৃষ্ঠা দেখুন

# লড়াই বিএনপি বনাম জামায়াতের মধ্যে

নিজস্ব প্রতিবেদক

মেহেরপুর-১ আসনে নির্বাচনি গতি-প্রকৃতি





ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচনের আগে মেহেরপুরের দুটি আসনে উত্তাপ তুঙ্গে। মনোনয়ন চূড়ান্ত হওয়ায় এখন মাঠে মূল লড়াই জমে উঠেছে বিএনপি ও জামায়াতে ইসলামীর মধ্যে। বিশেষজ্ঞরা মনে করছেন, অন্য দলের প্রার্থী থাকলেও আসল সমীকরণ ঘুরবে শুধু এই দুই দলের মধ্যে। মেহেরপুরের সদর ও মুজিবনগর মিলিয়ে গঠিত মেহেরপুর-১ আসনে নির্বাচনি গতি-প্রকৃতি এখন চরম উত্তাপে। জেলা নির্বাচন অফিসের তথ্য অনুযায়ী, বিএনপির মনোনীত প্রার্থী সাবেক সংসদ সদস্য ও কেন্দ্রীয় কমিটির সদস্য মাসুদ অরুণ। রাজনৈতিক পরিবার ও দীর্ঘ অভিজ্ঞতায় তিনি শক্ত অবস্থানে আছেন। তবে জামায়াতে ইসলামী আগেভাগেই জেলা আমির তাজউদ্দীন খানকে প্রার্থী হিসেবে ঘোষণা করেছে। স্থানীয় রাজনৈতিক বিশ্লেষকরা বলছেন, এই দুই দলের মধ্যে মূল লড়াই হবে, অন্য দল বা স্বতন্ত্র প্রার্থী নির্বাচনকে প্রভাবিত করতে পারবে না। বিএনপির একাধিক নেতা মনোনয়ন পেতে চেয়েছিলেন, কিন্তু যাচাই-বাছাই শেষে তারা বাদ পড়েছেন। তাদের মধ্যে ছিলেন: জেলা বিএনপির সাধারণ সম্পাদক অ্যাডভোকেট কামরুল হাসান। মুজিবনগর উপজেলা বিএনপির সভাপতি আমিরুল ইসলাম। জেলা বিএনপির সাংগঠনিক সম্পাদক রোমানা আহমেদ এছাড়া, জাতীয় নাগরিক পার্টি (এনসিপি) থেকে মনোনয়ন চেয়েছিলেন ঢাকা মহানগর এনসিপির যুগ্ম সম্পাদক সোহেল রানা, তবে যাচাই-বাছাইয়ে বাদ পড়েছেন। অরাজনৈতিক স্বতন্ত্র প্রার্থী মাহাবুব রহমান এবং সিপিবির প্রার্থী আইনজীবী মিজানুর রহমান-ও প্রতিযোগিতার বাইরে। এখন কেবল জাতীয় পার্টির জেলা সভাপতি আব্দুল হামিদ ভোটে অংশ নিচ্ছেন। তবে এলাকায় জাতীয় পার্টির কোনো বড় সভা বা প্রচারণা লক্ষ্য করা যায়নি। বিএনপি প্রার্থী মাসুদ অরুণ বলেন,

২-এর পৃষ্ঠা দেখুন




## মেহেরপুরে গণভোট সচেতনতা বৃদ্ধিতে নতুন কর্মপরিকল্পনা গ্রহণ

নিজস্ব প্রতিবেদক

মেহেরপুরে আসন্ন গণভোটকে সামনে রেখে ভোটার সচেতনতা ও প্রচারণা জোরদার করার লক্ষ্যে বৃহস্পতিবার জেলা প্রশাসকের সম্মেলন কক্ষে কর্মপরিকল্পনা গ্রহণ বিষয়ক মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়েছে। সভায় সভাপতিত্ব করেন জেলা প্রশাসক ড. সৈয়দ এনামুল কবির। জেলা প্রশাসনের সহকারী কমিশনার এস্তামুল হক পাওয়ারপয়েন্ট প্রেজেন্টেশনের মাধ্যমে কর্মপরিকল্পনা উপস্থাপন করেন। স্থানীয় সরকার বিভাগের উপ-পরিচালক খাতুনে জান্নাত সভার সঞ্চালনা করেন। সভায় সরকারি কলেজের অধ্যক্ষ প্রফেসর ড. নজরুল কবির বলেন, "গণভোট শুধুই ভোটের সংখ্যা নয়, এটি মানুষের মৌলিক অধিকার ও ক্ষমতায়নের অংশ। সচেতন ভোটার না থাকলে অবাধ ও সুষ্ঠু নির্বাচন অসম্পূর্ণ থাকে।" সভার সভাপতি জেলা প্রশাসক ড. সৈয়দ এনামুল কবির বলেন, "মৌলিক মানবাধিকার, নিরাপত্তা ও শিক্ষিত যুবকের কর্মসংস্থান নিশ্চিত করা আমাদের দায়িত্ব। এ দায়িত্ব বাস্তবায়নের জন্য গণভোট প্রয়োজন। গণভোটের বিষয়টি সাধারণ মানুষের কাছে তাদের ভাষায় তুলে ধরতে হবে। আমরা ইউনিয়নভিত্তিক প্রচারণা, হাট ও জনসমাগমপূর্ণ এলাকায় বিশেষ টিমের মাধ্যমে প্রচার এবং সামাজিক

২-এর পৃষ্ঠা দেখুন



## মেহেরপুরে আগ্নেয়াস্ত্র সহ একজন আটক

নিজস্ব প্রতিবেদক

মেহেরপুরে সেনাবাহিনীর অভিযানে বিদেশি পিস্তল, ম্যাগাজিন ও গুলিসহ একজনকে আটক করেছে । গতকাল বৃহস্পতিবার (৮ জানুয়ারী) ভোরে মুজিবনগর উপজেলার যতারপুর গ্রামে মেজর এম এ এন রওশন আলম এর নেতৃত্বে এ অীভযান পরিচালিত হয়। আটক বিল্লাল হোসেন (৪২) মুজিবনগর উপজেলার যতারপুর গ্রামের মৃত মাদার আলী বিশ্বাসের ছেলে। সেনাবাহিনী সূত্রে জানা যায়, গোপন সংবাদের ভিত্তিতে মুজিবনগর উপজেলার যতারপুর গ্রামের মৃত মাদার

২-এর পৃষ্ঠা দেখুন




## মুজিবনগরে বীর মুক্তিযোদ্ধা সাবদার আলীর রাষ্ট্রীয় মর্যাদায় দাফন

মুজিবনগর প্রতিনিধি

মেহেরপুরের মুজিবনগর উপজেলায় রাষ্ট্রীয় মর্যাদায় গার্ড অব অনার প্রদান শেষে বীর মুক্তিযোদ্ধা সাবদার আলী (৭৫) এর দাফন সম্পন্ন হয়েছে। তিনি বুধবার (৭ জানুয়ারি) সন্ধ্যায় বার্ধক্যজনিত কারণে ঢোলমারী গ্রামের নিজ বাসভবনে ইন্তেকাল করেন। গতকাল বৃহস্পতিবার সকাল ১০টায় ঢোলমারী ঈদগাহ মাঠে মরদেহ জাতীয় পতাকা দিয়ে আচ্ছাদিত করে রাষ্ট্রীয় সম্মান প্রদান করা হয়। মুজিবনগর উপজেলা নির্বাহী অফিসার সাইফুল হুদা, মুজিবনগর

২-এর পৃষ্ঠা দেখুন



## মুজিবনগরে সড়ক দুর্ঘটনায় এক শ্রমিক নিহত, দুইজন আহত

নিজস্ব প্রতিবেদক

মেহেরপুরের মুজিবনগর উপজেলার মহাজনপুর গ্রামে গতকাল বৃহস্পতিবার সন্ধ্যা ট এক সড়ক দুর্ঘটনায় হুমায়ুন (৩৫) নামে এক শ্রমিক নিহত হয়েছেন। এ ঘটনায় আরও দুইজন শ্রমিক সাজু (২৫) ও সাজিদুল (৩০) আহত হয়েছেন। তারা সবাই মহাজনপুর গ্রামের বাসিন্দা। স্থানীয় সূত্রে জানা যায়, সামাদ আলী (৪৫) নিজ মালিকানাধীন ৩ টনের একটি পিকআপ ভ্যান (রেজি. নং: ঢাকা মেট্রো-ন ১৯-৭৮৩৯) নিয়ে কলা বোঝাই করে শ্রমিকদের নামানোর উদ্দেশ্যে

২-এর পৃষ্ঠা দেখুন



## মেহেরপুরে শীতকালীন ক্রীড়া প্রতিযোগিতা

নিজস্ব প্রতিবেদক

মেহেরপুর সদর উপজেলার গোভীপুর মাধ্যমিক বিদ্যালয় মাঠে অনুষ্ঠিত ৫৪তম শীতকালীন ক্রীড়া প্রতিযোগিতায় উপজেলা পর্যায়ে বিভিন্ন স্কুল ও মাদ্রাসা চ্যাম্পিয়ন হয়েছে। ফলাফল অনুযায়ী, ভলিবল বালক বিভাগে আমঝুপি মাধ্যমিক বিদ্যালয় ২৫-১৩, ২৫-১৬ পয়েন্টে দরবেশপুর মাদ্রাসাকে হারিয়ে চ্যাম্পিয়ন হয়। ব্যাডমিন্টন বালক এককে চ্যাম্পিয়ন হয়েছে মেহেরপুর সরকারি বালক উচ্চ বিদ্যালয়, ব্যাডমিন্টন বালক দল এ চ্যাম্পিয়ন হয়েছে আশরাফপুর মাধ্যমিক

২-এর পৃষ্ঠা দেখুন








## মেহেরপুর জেলা ক্রীড়া সংস্থার এডহক কমিটির সভা অনুষ্ঠিত

নিজস্ব প্রতিবেদক

মেহেরপুর জেলা ক্রীড়া সংস্থার উদ্যোগে এডহক কমিটির সভা অনুষ্ঠিত হয়েছে ।গতকাল বৃহস্পতিবার দুপুরে জেলা প্রশাসকের কক্ষে অনুষ্ঠিত সভায় সভাপতিত্ব করেন জেলা প্রশাসক ও জেলা ক্রীড়া সংস্থার আহ্বায়ক ড. সৈয়দ এনামুল কবির। সভায় উপস্থিত ছিলেন সদস্য সচিব ও জেলা ক্রীড়া অফিসার আরিফ আহমেদ, সদস্য মিজানুর রহমান, আলামিন ইসলাম, তামিম ইসলাম, সাইদ হাসান জিকো,

২-এর পৃষ্ঠা দেখুন



## গাংনীতে শীতকালীন ক্রীড়া প্রতিযোগিতার পুরস্কার বিতরণ

নিজস্ব প্রতিবেদক

মেহেরপুরের গাংনী উপজেলা জাতীয় স্কুল ও মাদ্রাসা ক্রীড়া সমিতির উদ্যোগে জোড়পুকুরিয়া মাধ্যমিক বিদ্যালয় মাঠে অনুষ্ঠিত ৫৪তম শীতকালীন ক্রীড়া প্রতিযোগিতার বিজয়ীদের মাঝে পুরস্কার বিতরণ করা হয়েছে। বিকালে অনুষ্ঠিত সমাপনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে বিজয়ীদের হাতে পুরস্কার বিতরণ করেন গাংনী উপজেলা নির্বাহী অফিসার মোহাম্মদ আনোয়ার হোসেন। সমাপনী

২-এর পৃষ্ঠা দেখুন

## মেহেরপুরে অভিনব কায়দায় দুই ব্যবসায়ীর সঙ্গে প্রতারণা

নিজস্ব প্রতিবেদক

মেহেরপুর শহরে অভিনব কায়দায় দুই ক্ষুদ্র ব্যবসায়ীর কাছ থেকে প্রায় সাড়ে ১২ হাজার টাকা প্রতারণা করে পালিয়েছে এক প্রতারক ।গতকাল বৃহস্পতিবার বিকালে শহরের পিয়াদা পাড়া এলাকায় এ ঘটনা ঘটে। জানা গেছে, মেহেরপুর সদর উপজেলার ইছাখালী গ্রামের আতাউর রহমানের ছেলে আজাদ আলী বড় বাজার থেকে ঝাল বিক্রি করে ভ্যান নিয়ে বাড়ি ফিরছিলেন। এ সময় এক প্রতারক বীজ বহনের কথা বলে

২-এর পৃষ্ঠা দেখুন


**মেসার্স এ. আর. এন্টারপ্রাইজ**

প্রোঃ মোঃ আলতাফ হোসেন

এখানে পাওয়া যায়
- ✓ সকল প্রকার ক্রোকারিজ সামগ্রী
- ✓ প্লাস্টিক সামগ্রী
- খুচরা ও পাইকারি বিক্রয়করা হয়।

পরিবেশক
- কিয়াম মেটাল ইন্ডাস্ট্রিজ
- আর এফ এল
- আকিজ সিরামিক

কাঁসারী বাজার, মেহেরপুর।

০১৯২২-৬৪৫২১৮, ০১৭০৯-১০৯১৯১


### অনুবাক্য

মামুনুর রশিদ মামুন

খবরঃ (মেহেরপুরে প্রাথমিক বিদ্যালয়ের বাস্তবতা)

কাজীর গরু কাগজে আছে
গোয়াল হলো ফাঁকা
পাঠাচ্ছি ছেলে স্কুলে রোজ
লেখাপড়ায় কাঁচা।
নামতা পড়তে পারে না ছেলে
স্কুলে যাই রোজ
অভিভাবক হলো অশিক্ষিত
কিরে রাখবে তার খোঁজ।
পড়া আমরা মুখস্থ করি
বুঝতে না পারি
শিক্ষক বলে করবে পাশ
দুশ্চিন্তায় আমরা মরি।
শুরুই থেকে না শিখলে
উপরে কি হবে
প্রথম থেকে দশ পর্যন্ত
অর্ধেকটা যাই ঝরে ।







সু- খবর সু- খবর সু- খবর

আপনার স্বপ্নের অফিসিয়াল স্মার্ট ফোন + ফিচার ফোন এবং গ্যাজেট গুলি এখন এক ছাদের নিচে।

আমাদের কাছে পাচ্ছেন -
- ✔ অথেনটিক প্রোডাক্ট
- ✔ সেরা দাম
- ✔ নির্ভরযোগ্য সেবা

মোবাইল স্টেশন

তাই আর দেরি না করে আপনার প্রয়োজনীয় অফিসিয়াল যে কোনো স্মার্টফোন + ফিচার ফোন এবং গ্যাজেট গুলি এখন-ই সংগ্রহ করুন আমাদের কাছ থেকে নিশ্চিন্তে।

বিঃদ্রঃ- আমরা কোন অবস্থায় আন অফিসিয়াল রিফারবিশড বা ক্লোন মোবাইল বিক্রি করিনা।

আমাদের ঠিকানা: মোবাইল স্টেশন- প্রধান সড়ক -মেহেরপুর

হেল্পলাইন: ০১৭১২-৫১১১৮১

হৃদয়ে লাল সবুজ

# আমাদের সূর্যোদয়

মেহেরপুর ॥ শুক্রবার ॥ ২৫ পৌষ ১৪৩২ বাংলা ॥ ৯ জানুয়ারি ২০২৬ইং

## মহেশপুরে ইছামতী নদী থেকে যুবকের লাশ উদ্ধার

নিজস্ব প্রতিবেদক. ঝিনাইদহ

ঝিনাইদহের মহেশপুরে ভারতের সীমান্তবর্তী ইছামতী নদীর বাংলাদেশ অংশ থেকে জুয়েল রানা (২২) নামের এক যুবকের মরদেহ উদ্ধার করা হয়েছে। জুয়েল রানা ওই গ্রামের আনারুল হকের ছেলে। বিজিবি জানায়, তিনি মানসিকভাবে ভারসাম্যহীন ছিলেন। গতকাল বৃহস্পতিবার বেলা সাড়ে ১১টায় উদ্ধার কার্যক্রম সম্পন্ন হয়। মৃতদেহ কচুরিপানার মধ্যে পাওয়া গেছে। তাঁর ব্যবহৃত প্যান্ট ও শার্ট পাশের খেত থেকে উদ্ধার করা হয়। পুলিশ ও বিজিবি অনুসন্ধানের মাধ্যমে মরদেহ শনাক্ত করে ময়নাতদন্তের জন্য ঝিনাইদহ সদর হাসপাতালের

৩-এর পৃষ্ঠা দেখুন

## অবৈধ পথে ইউরোপ প্রবেশে শীর্ষে বাংলাদেশিরা

সূর্যোদয় প্রতিবেদন

২০২৫ সালে অবৈধ ও অনিয়মিত পথে ইউরোপে পৌঁছানো অভিবাসীদের মধ্যে শীর্ষ অবস্থানে রয়েছেন বাংলাদেশিরা। জাতিসংঘের শরণার্থী সংস্থা ইউএনএইচসিআর এবং ইউরোপীয় সীমান্ত ও উপকূলরক্ষী সংস্থা ফ্রন্টেক্স-এর সর্বশেষ অনুসন্ধান ও পরিসংখ্যানে এই তথ্য উঠে এসেছে। ফ্রন্টেক্সের তথ্য অনুযায়ী, ২০২৫ সালের প্রথম ১১ মাসে ইউরোপীয় ইউনিয়নের বহিঃসীমান্তে সবচেয়ে বেশি শনাক্ত হওয়া জাতীয়তার তালিকায় বাংলাদেশিরা প্রথম স্থানে রয়েছে। সীমান্ত নজরদারি ও নিয়ন্ত্রণ জোরদার করা সত্ত্বেও বাংলাদেশিদের অনিয়মিত অভিবাসনের প্রবণতা উল্লেখযোগ্যভাবে কমেনি বলে জানিয়েছে সংস্থাটি। ইউএনএইচসিআর জানায়, আফ্রিকা ও এশিয়ার বিভিন্ন দেশ থেকে ইউরোপে পৌঁছানো অভিবাসীদের মধ্যে বাংলাদেশিরা সবচেয়ে প্রতিনিধিত্বশীল জাতীয়তাগুলোর একটি। বাংলাদেশিদের পর উল্লেখযোগ্য সংখ্যায় রয়েছেন মিসরীয় ও আফগান নাগরিকরা। ফ্রন্টেক্সের এক বিবৃতিতে বলা হয়, “২০২৫ সালে ইউরোপীয় ইউনিয়নের বহিঃসীমান্তে সবচেয়ে বেশি শনাক্ত হওয়া জাতীয়তার মধ্যে বাংলাদেশিরা শীর্ষে রয়েছে। মানবপাচারবিরোধী কার্যক্রম ও সীমান্ত নিয়ন্ত্রণ জোরদার করা হলেও এই প্রবণতা অব্যাহত রয়েছে।” সংস্থাগুলোর তথ্যে দেখা গেছে, ইউরোপে পৌঁছাতে বাংলাদেশিরা মূলত সেন্ট্রাল ভূমধ্যসাগর রুট ব্যবহার করছেন। বিশেষ করে লিবিয়া হয়ে ইতালির উপকূল এবং গ্রিসের বিভিন্ন দ্বীপে পৌঁছানোর প্রবণতা বেশি লক্ষ্য করা যাচ্ছে। ফ্রন্টেক্সের মতে, লিবিয়াভিত্তিক মানবপাচার নেটওয়ার্কের মাধ্যমে বাংলাদেশিরা এই ঝুঁকিপূর্ণ সমুদ্রপথে যাত্রা করছেন। বিশ্লেষকদের মতে, বাংলাদেশিদের ইউরোপমুখী অনিয়মিত অভিবাসনের পেছনে একাধিক কারণ কাজ করছে। এর মধ্যে রয়েছে অর্থনৈতিক চাপ, কর্মসংস্থানের সংকট এবং বিদেশে বেশি আয়ের প্রত্যাশা।

৩-এর পৃষ্ঠা দেখুন


## চুয়াডাঙ্গার আলমডাঙ্গায় খেত থেকে অজ্ঞাতনামা ব্যক্তির লাশ উদ্ধার

নিজস্ব প্রতিবেদক. চুয়াডাঙ্গা

চুয়াডাঙ্গার আলমডাঙ্গা উপজেলায় ভুট্টাখেত থেকে অজ্ঞাতনামা এক ব্যক্তির (৪০) লাশ উদ্ধার করেছে পুলিশ।গতকাল বৃহস্পতিবার সকাল ৯টার দিকে খাসকররা ইউনিয়নের কায়েতপাড়া মাঠের ভেতর থেকে লাশটি উদ্ধার করা হয়। প্রত্যক্ষদর্শীরা জানান, ভুট্টাখেতে সেচ দিতে গিয়ে তারা লাশটি দেখতে পান এবং দ্রুত পুলিশকে খবর দেন। ঘটনাস্থল পরিদর্শন করেছেন আলমডাঙ্গা থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) বানী ইসরাইল, যিনি জানান, নিহত ব্যক্তির গলায় শীতের টুপি ও প্যান্টের বেল্ট প্যাঁচানো অবস্থায় পাওয়া গেছে, ধারণা

৩-এর পৃষ্ঠা দেখুন

জীবন ধারা



## মাত্র ১০ মিনিট ধ্যানেই মানসিক শান্তি

সূর্যোদয় প্রতিবেদন

বর্তমান জীবনে মানসিক চাপ যেন নিত্যসঙ্গী। কাজের চাপ, পরিবার, দ্রুত যোগাযোগ, সারাক্ষণ মোবাইল বা স্ক্রিনের সঙ্গে থাকা—সব মিলিয়ে আমরা প্রায়ই নিজের জন্য এক মুহূর্তও থামতে পারি না। এর ফলে দেখা দেয় অস্থিরতা, দুশ্চিন্তা, মনোযোগের অভাব এবং ঘুমের সমস্যা। মানসিক স্বাস্থ্য বিশেষজ্ঞরা বলছেন, প্রতিদিন মাত্র ১০ মিনিট ধ্যান করলেই মানসিক চাপ অনেকটাই কমানো সম্ভব। ধ্যান কঠিন নয়। আরাম করে বসে বা শুয়ে চোখ বন্ধ করুন। ধীরে শ্বাস নিন, ছাড়ুন এবং শ্বাসের প্রতি মনোযোগ দিন। মনে অন্য চিন্তা এলে বিরক্ত হবেন না—শুধু আবার মন ফিরিয়ে আনুন।

গবেষণায় দেখা গেছে, নিয়মিত ধ্যান করলে উদ্বেগ কমে, মন শান্ত থাকে এবং একাগ্রতা বেড়ে যায়। সকালে মাত্র ১০ মিনিট ধ্যান করলে দিনের শুরুটা মন ভালো রাখে এবং সারাদিনের অকারণ দুশ্চিন্তা কমিয়ে দেয়। ছোট এই বিরতিই মস্তিষ্ককে বিশ্রাম দেয়, চিন্তাগুলো গুছিয়ে দেয় এবং মানসিক শক্তি ফিরিয়ে আনে। ধ্যান করতে কোনো বিশেষ যন্ত্রপাতি, পোশাক বা খরচ লাগে না। বয়স, জায়গা বা সময়ের সীমাবদ্ধতাও বাধা নয়। তাই ব্যস্ত জীবনের মাঝেও নিজের জন্য প্রতিদিন

৩-এর পৃষ্ঠা দেখুন



## মেহেরপুরে গ্যাস ব্যবসায়ীর জরিমানা

নিজস্ব প্রতিবেদক

মেহেরপুর শহরের বড় বাজারে মূল্য তালিকা প্রদর্শন না করায় মিল্টন ট্রেডার্স নামের একটি গ্যাসের দোকানকে ১ হাজার টাকা জরিমানা করেছে জেলা প্রশাসনের ভ্রাম্যমাণ আদালত। গতকাল বৃহস্পতিবার দুপুরে আদালত পরিচালনা করেন মেহেরপুর জেলা প্রশাসনের সহকারী কমিশনার ও এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট আবির আনসারী। সূত্রে জানা গেছে, দোকান মালিককে ভোক্তা অধিকার সংরক্ষণ আইন, ২০০৯-এর ৩৮ ধারায় জরিমানা করা হয়। এ সময় শহরের অন্যান্য গ্যাসের দোকানও তদারকি করা হয়। ভ্রাম্যমাণ আদালত জানিয়েছে, কেউ অতিরিক্ত মূল্যে গ্যাস বিক্রি করলে তার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা নেওয়া হবে।



## মেহেরপুর ও চুয়াডাঙ্গায় টানা তিনদিন ধরে শৈত্যপ্রবাহ

নিজস্ব প্রতিবেদক

মেহেরপুর ও চুয়াডাঙ্গা জেলায় টানা তিনদিন ধরে মাঝারি শৈত্যপ্রবাহ বয়ে যাচ্ছে। প্রতিদিন তাপমাত্রা ৬ থেকে ৮ ডিগ্রি সেলসিয়াসের মধ্যে ওঠানামা করছে। বৃহস্পতিবার সকাল ৬টায় মেহেরপুরে সর্বনিম্ন তাপমাত্রা রেকর্ড করা হয় ৮ ডিগ্রি সেলসিয়াস, বাতাসের আর্দ্রতা ছিল ৯৪ শতাংশ। চুয়াডাঙ্গায় বুধবার সর্বনিম্ন তাপমাত্রা ছিল ৬.৯ ডিগ্রি সেলসিয়াস। শীতের তীব্রতায় জনজীবনে ভোগান্তি দেখা দিয়েছে; জরুরি প্রয়োজনে ছাড়া মানুষ বাইরে যাচ্ছেন না এবং যানবাহন হেডলাইট জ্বালিয়ে চলাচল করছে। ছিন্নমূলরা খড়কুটো জ্বালিয়ে শীত নিবারণ করছেন। এদিকে, পৌষ মাসের শুরু থেকেই মেহেরপুর ও চুয়াডাঙ্গায় সরকারি-বেসরকারিভাবে প্রায় ১৫ হাজার শীতবস্ত্র বিতরণ

৩-এর পৃষ্ঠা দেখুন



## মেহেরপুরে ভোট প্রচারণা ও নির্বাচনী আচরণবিধি তদারকি

নিজস্ব প্রতিবেদক

মেহেরপুর সদর ও গাংনী উপজেলার বিভিন্ন এলাকায় গণভোটের প্রচারণা ও নির্বাচনী আচরণবিধি প্রতিপালন নিশ্চিতে তদারকি ও টহল চালানো হয়েছে। গতকাল বৃহস্পতিবার সদর উপজেলার আমঝুপি ইউনিয়নে সহকারী কমিশনার (ভূমি) সুমাইয়া জাহান ঝুরকা এর নেতৃত্বে সার ডিলার গোডাউন নিরীক্ষা করা হয়। একই সঙ্গে বাজার ও জনসমাগমপূর্ণ এলাকায় আচরণবিধি প্রতিপালনের জন্য টহল

৩-এর পৃষ্ঠা দেখুন



## মহেশপুরে গুটি সার উৎপাদনে নতুন সম্ভাবনা: খরচ কমছে, ফলন বাড়ছে

নিজস্ব প্রতিবেদক. ঝিনাইদহ

ঝিনাইদহের মহেশপুর উপজেলার বাথানগাছি গ্রামের কৃষক আরুল হক স্থানীয় পর্যায়ে গুটি সার উৎপাদনের মাধ্যমে কৃষকদের জন্য নতুন সম্ভাবনার পথ খুলেছেন। দীর্ঘদিন ধরে প্রচলিত ছিটানো সার ব্যবহার করে কৃষকেরা খরচ বেশি করেন এবং অনেক সার অপচয় হয়। আরুল হকের উদ্যোগ এই সমস্যার সমাধান হিসেবে উদ্ভাবনী দৃষ্টান্ত স্থাপন করেছে। ২০১১ সালে কৃষি অফিসের আয়োজনকৃত একটি প্রশিক্ষণে অংশগ্রহণের মাধ্যমে তিনি ইউরিয়া, পটাশ ও ডিএপি সার মিশিয়ে গুটি সার তৈরি করার পদ্ধতি শিখেন। এরপর তিনি নিজ উদ্যোগে পরীক্ষামূলকভাবে উৎপাদন শুরু করেন। স্থানীয়ভাবে তৈরি একটি বিশেষ যন্ত্রের মাধ্যমে সার মিশ্রণকে ছোট ছোট গুটিতে পরিণত করা

৩-এর পৃষ্ঠা দেখুন

## ঢাকায় নকল আইফোন কারখানার সন্ধান, গ্রেপ্তার ৩

সূর্যোদয় প্রতিবেদন

রাজধানীতে চীনা নাগরিকদের প্রত্যক্ষ তত্ত্বাবধানে পরিচালিত একটি অবৈধ আইফোন সংযোজন কারখানার সন্ধান পেয়েছে ঢাকা মহানগর গোয়েন্দা পুলিশ (ডিবি)। কর ফাঁকি দিয়ে বিদেশ থেকে আনা বিভিন্ন যন্ত্রাংশ দিয়ে সেখানে ভুয়া আইফোন তৈরি করে তা আসল পণ্য হিসেবে বাজারজাত করা হচ্ছিল। বুধবার (৭ জানুয়ারি) রাজধানীর উত্তরা ও নিকুঞ্জ এলাকায় পৃথক অভিযান চালিয়ে দীর্ঘদিন ধরে চলা এই প্রতারক চক্রের তিন সদস্যকে গ্রেপ্তার করা হয়। অভিযানে বিভিন্ন মডেলের

৩-এর পৃষ্ঠা দেখুন



ইউপি চেয়ারম্যান মোজাম্মেল হক



ইউপি সদস্য জাহিদুল ইসলাম গাফফার

### সংবাদকর্মীদের সাথে অসৌজন্য আচরণের অভিযোগ

## মেঘনার ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান ও সদস্যর বিরুদ্ধে

সূর্যোদয় প্রতিবেদন

কুমিল্লার মেঘনা উপজেলায় ভূমি রেকর্ড সংক্রান্ত অনিয়ম অনুসন্ধানে গিয়ে স্থানীয় সংবাদকর্মীদের সঙ্গে অসৌজন্যমূলক আচরণ ও পেশাগত কাজে বাধা দেওয়ার অভিযোগ উঠেছে স্থানীয় জনপ্রতিনিধি ও একটি

৩-এর পৃষ্ঠা দেখুন

## চাঁদাবাজদের গদি নড়বড়ে, তাদের ঘুম হারাম হয়ে গেছে: হাসনাত আবদুল্লাহ

সূর্যোদয় প্রতিবেদন

এনসিপির দক্ষিণাঞ্চলের মুখ্য সংগঠক ও কুমিল্লা-৪ (দেবিদ্বার) আসনে জামায়াত নেতৃত্বাধীন জোটের প্রার্থী হাসনাত আবদুল্লাহ বলেছেন, চাঁদাবাজ ও দুর্নীতিবাজদের গদি নড়বড়ে হয়ে যাওয়ায় তাদের ঘুম ইতোমধ্যে হারাম হয়ে গেছে। ইনসাফভিত্তিক বাংলাদেশ গড়ার আন্দোলনে সাধারণ মানুষের ব্যাপক সাড়া দেখে সুবিধাভোগীরা আতঙ্কিত হয়ে পড়েছে বলে মন্তব্য করেন তিনি। বৃহস্পতিবার (৮ জানুয়ারি) দুপুরে কুমিল্লার দেবিদ্বার উপজেলার গুনাইঘর এলাকায় আয়োজিত আগ্রাসনবিরোধী

৩-এর পৃষ্ঠা দেখুন


মেডিসিন বিশেষজ্ঞ

ডাঃ রুহুল আমিন খান

এমবিবিএস, বিসিএস (স্বাস্থ্য)
এফসিপিএস (মেডিসিন)
কনসালটেন্ট (মেডিসিন)
নিউরোমেডিসিন ও কার্ডিওলজিতে উচ্চতর প্রশিক্ষণপ্রাপ্ত

রোগী দেখার সময় :
প্রতি সোমবার ওমঙ্গলবার বিকাল ৩টা থেকে রাত ৮টা

সনোল্যাব ও সনো নার্সিং হোম
হাসপাতাল রোড, মেহেরপুর
যোগাযোগ : ০১৭৩০-৪৮৪০৯৮, ০১৭৩০-৪৮৪০৯৯



জামান ক্লথ ষ্টোর

আপনার আস্থার পোশাকের বিশ্বস্ত ঠিকানা
সর্বাধুনিক ফ্যাশনের নান্দনিক সংগ্রহ

জেন্টস, লেডিস ও বাচ্চাদের জন্য মানসম্মত পোশাক।
সালোয়ার কামিজ থ্রি-পিস, শাড়ি, পাঞ্জাবি—
সবকিছুরই বিশাল কালেকশন।
ঈদ, পূজা, বিয়ে কিংবা যেকোনো উৎসবে থাকছে
বিশেষ আকর্ষণীয় কালেকশন।
ন্যায্য দমে গুণগত মানেই আমাদের পরিচয়
একবার আসুন, দেখুন— পার্থক্য নিজেই বুঝবেন।

প্রধানসড়ক, বড়বাজার মেহেরপুর
☎: ০১৭১৮৫৫২৭৮৪, ০১৬৭০৯৮০০৪৪


ইনফো

## ৮ প্রযুক্তি জীবন বদলাবে

সূর্যোদয় প্রতিবেদন

এক সময় প্রযুক্তি মানে শুধু যন্ত্র। আজ প্রযুক্তি আমাদের সঙ্গী, সহকর্মী, এমনকি সিদ্ধান্ত গ্রহণকারীও। ঘুম ভাঙা থেকে অফিসের কাজ, পড়াশোনা, কেনাকাটা—সবখানেই প্রযুক্তির উপস্থিতি। বিশেষজ্ঞরা বলছেন, আগামী কয়েক বছরে এমন কিছু প্রযুক্তি আমাদের জীবনধারার ধরনই বদলে দেবে। কেমব্রিজ ওপেন একাডেমির বিশ্লেষণ অনুযায়ী, ২০২৬ সালে আলোচনার কেন্দ্রবিন্দু হবে এই আটটি প্রযুক্তি। ১. কৃত্রিম বুদ্ধিমত্তা: এআই এখন শুধু সহকারী নয়, ব্যক্তিগত অভ্যাস বুঝে আগেভাগে কাজ সাজাতে পারছে। ২০২৬ সালে এআই আরও শক্তিশালী হবে, আমাদের দৈনন্দিন কাজ আরও সহজ ও দ্রুত করবে। ২. কোয়ান্টাম কম্পিউটিং : সাধারণ কম্পিউটার ‘বিট’-এর ওপর কাজ করে, কোয়ান্টাম কম্পিউটার ‘কিউবিট’ ব্যবহার



করে মুহূর্তের মধ্যে জটিল হিসাব সম্পন্ন করতে পারে। উপাদান বিজ্ঞান, নতুন ওষুধ আবিষ্কার ও আর্থিক মডেলিংয়ে এর প্রভাব পড়বে।

৩. এক্সটেন্ডেড রিয়েলিটি : বাস্তব ও ভার্চুয়ালের মধ্যে দেয়াল ভেঙে দিচ্ছে এক্সআর।

৩-এর পৃষ্ঠা দেখুন


মায়ের হাসি ক্লিনিক ও নিউ হেলথ্ কেয়ার ল্যাব

সাবেক মেয়র মোতাছিমবিল্লাহ মতু’র বাসা, কাঁসাড়িপাড়া, মেহেরপুর।
মোবা : ০১৩০৬-৯২৫৬২৫, মার্কেটিং : ০১৭১৩-৯১২৫৫১, ০১৭১২-২১৪১৩১

নিয়মিত রুগী দেখছেন

শিশুরোগ,শিশুপুষ্টি ও মেডিসিন বিশেষজ্ঞ :- ডাঃ এম. র.মালিক
এমবিবিএস(আয়ার ল্যান্ড),এমএসসি(পুষ্টি) ডিসিএম, সিসিড, এএসসি(সাইকো) এমপিএইচ, আইপিপিএস(অষ্ট্রেলিয়া), সিসিডি, পিজিপিএন বোস্টন ইউনিভারসিটি (আমেরিকা), এফআর এস এম (লন্ডন), এফআরএসএইচ(লন্ডন),এমএমএস (ভিয়েনা) সিপেড, বিসিএস (স্বাস্থ), ফেলেঅ রয়েল সোসাইটি অব মেডিসিন (লন্ডন), রিসার্চ ফেলো-সিঙ্গাপুর ও অস্ট্রোলিয়া এসোসিয়েট প্রফেসার ও বিভাগীয় প্রধান (এক্স) নির্থ বেঙ্গল মেডিকেল কলেজ হসপিটাল।
রুগী দেখেন : প্রতি রবিবার সকাল ৮ টা থেকে দুপুর ২ টা।

ডাঃ কানিজ নাঈমা:- নবজাতক,শিশু ও কিশোর রোগ বিশেষজ্ঞ
এমবিবিএস, বিসিএস (স্বাস্থ্য),ডিসিএইচ(শিশু),জুনিয়র কনসালটেন্ট (শিশু) ২৫০ শয্যা জেনারেল হাসপাতাল,মেহেরপুর।
রুগী দেখেন : প্রতিদিন দুপুর ২ টা-৩টা (শুক্রবার ব্যাতিত)

প্রসূতি ও স্ত্রী রোগ , সার্জন ও সনোলজিস্ট:- ডা.রুমানা হেলালী (জুসি)
এমবিবিএস(ঢাকা),বিসিএস(এফপি),ডিএমইউ.ই ও সি(অবস এন্ড গাইনী, মেডিকেল অফিসার , মা ও শিশু কল্যাণ কেন্দ্র মেহেরপুর। গাংনী, বন্ধ্যাত্ব, গর্ভবতী,প্রসূতী, কিশোরী ও শিশু রোগের চিকিৎসক

ডা: মুতাকী বিল্লাহ শাফিন
আবাসিক মেডিকেল অফিসার
মায়ের হাসি ক্লিনিক

ডাঃএস.এম. আরাফাত রহমান আকাশ
এমবিবিএস(ডিইউ).সিসিডি(বার্ডেম),পিজিটি (মেডিসিন)সিএনইউ(আল্ট্রা),এইচ.এম.ও
রুগী দেখেন : প্রতি শুক্র ও শনিবার সকাল ১০- রাত্রি ৮টা

পরীক্ষাসমুহ : ইসিজি(কম্পিউটারাইজড),এক্স-রে, আল্ট্রাসনোগ্রাফি, হরমন এনালাইসিস,সকল প্রকার প্যাথলজি পরীক্ষা,মহিলা বিশেষজ্ঞ দ্বারা নরমাল ডেলেভারি, সিজারিয়ান ও সবধরনের অপারেশন, আধুনিক যন্ত্র পাতি ও যন্তবান সেবা।



হৃদরোগ, মেডিসিন এবং ডায়াবেটিক রোগ বিশেষজ্ঞ



ডা: মো: শাহিনুর রশিদ

এমবিবিএস,(ডিইউ),বিসিএস (স্বাস্থ্য.)
ডি-কার্ড কার্ডিওলজি এফ.সি.পি.এস, (মেডিসিন),সি.সি.ডি(বারডেম),এক্স রেসিডেন্ট কার্ডিওলজি বিভাগ, ঢাকা মেডিকেল কলেজ হাসপাতাল। মেডিকেল অফিসার জেনারেল হাসপাতাল, মেহেরপুর

চিকিৎসা সেবা সমূহ
হৃদরোগ, (হার্টের সমস্যা,হার্ট এ্যাটাক/হার্ট ফেলিউর,হৃদরোগ জনিত শ্বসকষ্ট বুক ধড় পড় করা, হার্টের ভাল্বের সমস্যা, জন্মগত হার্টের ছিদ্র,এজমা ও শ্বাসকষ্ট-বক্ষব্যধি,ডায়াবেটিস,ব্যাথব্যাথা,বাতজ্বর,কিডনী রোগ,প্রেসার(উচ্চ রক্তচাপ) রক্তে কলেষ্টের বৃদ্ধি, লিভার ও পরিপাকতন্তেদ্রর রোগ, জ্বর (দীর্ঘ কালীন)।

নিয়মিত রুগী দেখছেন ও ইকোকার্ডিওগ্রাফি করছেন শনি থেকে বুধ বার বিকাল ৩ টা থেকে রাত ৮ টা পর্যন্ত

রাবেয়া মেডিকেল সার্ভিসেস
হাসপাতাল গেট,মেহেরপুর।
সিরিয়াল : 01754-974466, 01724-773138,



দিন-রাত মানবিক সেবার লক্ষে

--কুদরত-ই-খুদা-ক্লিনিক এন্ড ল্যাব --

মুজিবনগর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স এর সামনে,আসিফ প্লাজা ২য় ও ৩য় তলা)
কেদারগঞ্জ বাজার, মুজিবনগর, মেহেরপুর।
সিরিয়ালের জন্য: ০১৭৫৭-৮২৮২৭৮
স্বনামধন্য বিশেষজ্ঞ চিকিৎসকগণ দ্বারা সর্বাধুনিক চিকিৎসা ও সেবা-

মডিসিন বিশেষজ্ঞ - ডাঃ মোঃ আতিকুর রহমান
এম.বি.বি.এস (ডিএমসি), বিসিএস (স্বাস্থ্য) সিসিডি (বারডেম),এম.আর. স.পি (ইউকে) পার্ট-১ এফ.সি.পি.এস (মেডিসিন) শেষ পর্ব। সহকারী রেজিস্ট্রার কুষ্টিয়া মেডিকেল কলেজ হাসপাতাল মেডিসিন বিশেষজ্ঞ।
রোগী দেখছেন: প্রতি মঙ্গলবার দুপুর ২টা থেকে রাত ৮টা

ইউরোলজি বিশেষজ্ঞ ও সার্জন - ডা. আ.ফ.ম. মুনতাহী রেজা রুবেল
এম.বি.বি.এস, বিসিএস (স্বাস্থ্য) এফসিপিএস (ইউরোলজি) এম.এস. (ইউরোলজি) ইউরোলজি বিশেষজ্ঞ ও সার্জন ইউরোলজি বিশেষজ্ঞ সার্জন।
রোগী দেখছেন: প্রতি শনিবার ও রবিবার দুপুর ২টা হতে রাত ৮টা

নিউরোসার্জারী বিশেষজ্ঞ- ডাঃ মোঃ মোক্তাদ্বিরুউল বাশার
এমবিবিএস, বিসিএস (স্বাস্থ্য) এম. এস রেসিডেন্ট নিউরোসার্জারী (ব্রেইন,নার্ভ, স্পাইন, পেইন) স্পেশাল ট্রেনিং অন পেইন ম্যানেজমেন্ট ঢাকা মেডিকেল কলেজ হাসপাতাল।
রোগী দেখছেন: প্রতি শুক্রবার দুপুর ২টা হতে সন্ধা ৬টা

গাইনি, প্রসূতি ও মেডিসিন রোগে অভিজ্ঞ - ডাঃ জান্নাতুল ফেরদৌস সীমা
এম.বি.বি.এস (রাজশাহী) এম.সি.জি.পি (অব্স এন্ড গাইনী) সি. এম. ইউ (আল্ট্রাসনোগ্রাফি)।
রোগী দেখছেন: প্রতি সোমবার সকাল ১০টা থেকে দুপুর ২টা

--- বিশেষজ্ঞ ডাক্তারগণ সব ধরনের অপারেশন করছেন --
*হার্নিয়া, জরায়ু, পিত্তথলির পাথর, সিজার, এ্যাপেনডিক্স, অর্শ্ব পাইলস।*

ডাঃ মাহাবুব আলম বিপ্লব (সহকারী অধ্যাপক) | ডা. আ.ফ.ম. মুনতাহী রেজা রুবেল ইউরোলজি বিশেষজ্ঞ সার্জন। | ডাঃ রিচার্ড সরেন প.জি.টি সার্জন


ভারপ্রাপ্ত সম্পাদক : মাহবুবুল হক পোলেন। আবুল কাসেম অনুরাগী কর্তৃক স্টাডি হাউজ, মহিলা কলেজ রোড, গাংনী, মেহেরপুর থেকে প্রকাশিত ও হাই কোয়ালিটি প্রিন্টার্স ২৯, স্যার ইকবাল রোড, কুস্টিয়া থেকে মুদ্রিত।
সম্পাদকীয় ও বাণিজ্যিক কার্যালয় : প্রধান সড়ক, হোটেল বাজার মোড়, মেহেরপুর-৭১০০। মোবাইল : ০১৭১৪৯৩৮৬৪৭ ই-মেইল : surjonews@gmail .com

## মাত্র ১০ মিনিট ধ্যানেই মানসিক শান্তি

(শেষ পৃষ্ঠার পর)
কয়েক মিনিট সময় বের করা সম্ভব। মাত্র ১০ মিনিটের এই ছোট অনুশীলনও মানসিক চাপ কমানো, মন শান্ত রাখা এবং সুস্থ ও ভারসাম্যপূর্ণ জীবনধারার জন্য যথেষ্ট।

## মহেশপুরে ইছামতী নদী থেকে

(শেষ পৃষ্ঠার পর)
মর্গে পাঠানো হয়েছে। ঝিনাইদহের অতিরিক্ত পুলিশ সুপার বিল্লাল হোসেন জানান, মরদেহের শরীরে কয়েকটি স্থানে চামড়া ছুলে যাওয়ার মতো ক্ষত রয়েছে। মৃত্যু ও ক্ষতের প্রকৃত কারণ ময়নাতদন্তের পর জানা যাবে।

## চুয়াডাঙ্গার আলমডাঙ্গায় খেত থেকে

(শেষ পৃষ্ঠার পর)
করা হচ্ছে এগুলো দিয়েই তাকে শ্বাসরোধে হত্যা করা হয়েছে। লাশের সুরতহাল প্রতিবেদন শেষে ময়নাতদন্তের জন্য চুয়াডাঙ্গা সদর হাসপাতালের মর্গে পাঠানো হয়েছে। নিহতের পরনে ছিল নেভিব্লু রঙের ফুলহাতা জ্যাকেট, ধূসর রঙের হুডি ও ট্রাউজার প্যান্ট। তবে এখনও তার নাম-পরিচয় শনাক্ত করা সম্ভব হয়নি।

## মহেশপুরে গুটি সার উৎপাদনে নতুন

(শেষ পৃষ্ঠার পর)
হয়। এই গুটি সার সরাসরি গাছের গোড়ায় প্রয়োগ করলে সার কম খরচে মাটির গভীরে পৌঁছে যায় এবং ফসলের ফলন বৃদ্ধি পায়। আরুল হক বলেন, "ছিটানো সার দিলে অনেক সার বাতাসে উড়ে যায় বা সেচের পানিতে ভেসে যায়। কিন্তু গুটি সার সরাসরি শিকড়ে পৌঁছে যায়। এতে অল্প সারেও ভালো ফলন পাওয়া যায়।চ গুটি সার ব্যবহারের ফলে কৃষকরা সারের খরচ কমানো এবং ফসলের উৎপাদন বৃদ্ধি পাচ্ছেন। স্থানীয় কৃষকরা যেমন বলেন, কম সারে আগের তুলনায় বেশি ফলন পাচ্ছেন এবং জমির মাটিও আগের চেয়ে উর্বর হয়েছে। মহেশপুর উপজেলা কৃষি কর্মকর্তা ইয়াসমিন সুলতানা বলেন, "গুটি সার পরিবেশবান্ধব, সারের অপচয় কমায় এবং মাটির স্বাস্থ্য ভালো রাখে। আমরা কৃষকদের নিয়মিত প্রশিক্ষণ দিচ্ছি।চ কৃষি বিশেষজ্ঞরা মনে করেন, সরকারের পৃষ্ঠপোষকতা ও সহজ ঋণ ব্যবস্থা থাকলে স্থানীয় উদ্যোক্তাদের মাধ্যমে গুটি সার উৎপাদন আরও বিস্তৃত করা সম্ভব, যা কর্মসংস্থান তৈরি ও খাদ্য উৎপাদন বৃদ্ধিতেও সাহায্য করবে। এর ফলে, আরুল হকের উদ্যোগ মহেশপুরসহ ঝিনাইদহ জেলার কৃষিতে একটি টেকসই ও সম্ভাবনাময় দৃষ্টান্ত হয়ে উঠেছে।

## হাসনাত আবদুল্লাহ

(শেষ পৃষ্ঠার পর)
পদযাত্রায় প্রধান অতিথির বক্তব্যে এসব কথা বলেন তিনি। হাসনাত আবদুল্লাহ বলেন,
"আমরা শহীদ ওসমান হাদির স্বপ্নের ইনসাফের বাংলাদেশ বিনির্মাণে কাজ করছি। মানুষ আমাদেরকে ইতিবাচকভাবে দেখছে। এতে চাঁদাবাজদের গদি নড়বড়ে হয়ে গেছে। তারা বুঝে গেছে–তাদের সময় শেষের পথে। সে কারণেই এখন ভয়ভীতি ও হুমকি দেওয়া শুরু করেছে।" বিরোধীদের অভ্যন্তরীণ কোন্দলের বিষয়ে তিনি রূপক অর্থে বলেন, "দেখবেন, বড় বোয়াল মাছ যখন পুকুরের সব মাছ খেয়ে ফেলে, তখন শেষ পর্যন্ত সে নিজের লেজে কামড় দেয়। আজ বড় বড় হোমরা-চোমড়ারা নিজেদের মধ্যেই লেজে কামড়াকামড়ি শুরু করে দিয়েছে।" শহীদ ওসমান হাদির হত্যাকাণ্ড প্রসঙ্গে আবেগঘন বক্তব্যে হাসনাত আবদুল্লাহ বলেন, "একটি আদর্শের কারণেই হাদি ভাইকে হত্যা করা হয়েছে। তার জানাজায় লাখো মানুষের উপস্থিতিই প্রমাণ করে তিনি কতটা মানুষের হৃদয়ে জায়গা করে নিয়েছিলেন। এমন অনেক মানুষ আছেন, যারা তাকে কোনো দিন দেখেননি, তার সঙ্গে কথাও হয়নি–তবুও নামাজের বিছানায় দাঁড়িয়ে তার জন্য অশ্রু ঝরিয়েছেন।" তিনি আরও বলেন, "এই ভালোবাসা কোনো দলীয় পরিচয়ের কারণে নয়, বরং তার সততার কারণে। হাদি ভাই রাজনীতিকে কখনো ব্যবসা বানাননি। কোনো লুটপাট করেননি, ব্যাংকের টাকা লুট করে নির্বাচন করতে আসেননি। তিনি নির্বাচনি প্রচারণায় মুড়ি-বাতাসা নিয়ে যেতেন–এই ছিল তার রাজনীতি।" সমাবেশের শেষ পর্যায়ে আসন্ন নির্বাচনে এনসিপির প্রতীক 'শাপলা কলি'তে ভোট দেওয়ার আহ্বান জানান হাসনাত আবদুল্লাহ।

## ৮ প্রযুক্তি জীবন বদলাবে

(শেষ পৃষ্ঠার পর)
ভার্চুয়াল কনসার্ট, ভিআর শিক্ষণ বা ডিজিটাল প্রদর্শনী–সবই ঘরে বসেই সম্ভব। ৪. বায়োপ্রিন্টিং : জীবন্ত কোষ ব্যবহার করে মানব টিস্যু বা অঙ্গ তৈরি করা সম্ভব হচ্ছে। ভবিষ্যতে ক্ষতিপূরণের জন্য নতুন টিস্যু বা সম্পূর্ণ অঙ্গও প্রিন্ট করে প্রতিস্থাপন করা যেতে পারে। ৫. সাইবার নিরাপত্তা: প্রযুক্তির ওপর নির্ভরতা বাড়ার সঙ্গে সঙ্গে সাইবার হামলার ঝুঁকি বেড়ে যাচ্ছে। ব্যাংকিং, বিদ্যুৎ ব্যবস্থা ও ব্যক্তিগত তথ্য সুরক্ষার জন্য নিরাপত্তা এখন আরও জরুরি। ৬. ইন্টারনেট অব থিংস: স্মার্ট ফ্রিজ, গাড়ি, ফিটনেস ব্যান্ড থেকে শিল্প যন্ত্র–সবই ইন্টারনেটের সঙ্গে যুক্ত। ডিভাইসগুলো একে অপরের সঙ্গে তথ্য বিনিময় করে জীবনকে আরও বুদ্ধিমান করে তোলে। ৭. স্মার্ট সিটি : রাস্তা, ট্রাফিক, বিদ্যুৎ ও আবর্জনা ব্যবস্থাপনাও বুদ্ধিমান হবে। যানজট কমবে, পরিবেশের ক্ষতি কমবে এবং শহর জীবন আরও স্বাচ্ছন্দ্যময় হবে। ৮. হাইপার অটোমেশন: রুটিন কাজ যন্ত্রের হাতে, ব্যবসায়িক প্রক্রিয়া স্বয়ংক্রিয়। এতে কাজ দ্রুত, নিখুঁত ও বিস্তৃত হয়। একই সঙ্গে নতুন ধরনের কর্মসংস্থানের সুযোগও তৈরি হবে। ২০২৬ সালের এই প্রযুক্তি প্রবণতাগুলো শুধু আমাদের কাজের ধরন নয়, চিন্তাভাবনা এবং জীবনযাপনকেও নতুন রূপ দেবে।

## মেহেরপুর ও চুয়াডাঙ্গায় টানা তিনদিন

(শেষ পৃষ্ঠার পর)
করা হয়েছে। চুয়াডাঙ্গা আবহাওয়া অফিসের ভারপ্রাপ্ত কর্মকর্তা জামিনুর রহমান জানিয়েছেন, শীতের এ তীব্রতা আরও কয়েকদিন থাকতে পারে।

## মেঘনার ইউনিয়ন পরিষদের

(শেষ পৃষ্ঠার পর)
অস্থায়ী সেটেলমেন্ট অফিসের কর্মকর্তার বিরুদ্ধে। অভিযোগ সূত্রে জানা গেছে, গত মঙ্গলবার (৬ জানুয়ারি) বিকেল আনুমানিক ৩টার দিকে দৈনিক কালবেলা পত্রিকার মেঘনা উপজেলা প্রতিনিধি মো. আলাউদ্দিন ইসলাম ও দৈনিক কালের কণ্ঠের প্রতিনিধি নাইমুল ইসলাম শহীদ লুটেরচর ইউনিয়নের বলরামপুর মৌজার রেকর্ড সংক্রান্ত অনিয়মের বিষয়ে স্থানীয় জনগণের অভিযোগের ভিত্তিতে সত্যতা যাচাই করতে লুটেরচর ইউনিয়নের অস্থায়ী সেটেলমেন্ট অফিসে যান। সেখানে সহকারী সেটেলমেন্ট অফিসার ফয়েজ আহম্মেদের কাছে অনিয়মের বিষয়ে জানতে চাইলে তিনি প্রথমে ওয়াশরুমে যাওয়ার কথা বলে সময়ক্ষেপণ করেন। পরে তিনি স্থানীয় লুটেরচর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান মোজাম্মেল হক, ইউপি সদস্য আব্দুল গাফ্ফারসহ আরও কয়েকজনকে ডেকে এনে সাংবাদিকদের বক্তব্য গ্রহণে বাধা দেন এবং সংগঠিতভাবে তাঁদের সঙ্গে অসৌজন্যমূলক আচরণ করেন। একপর্যায়ে মানহানিকর আচরণ ও পেশাগত কাজে বাধার মুখে আত্মসম্মান রক্ষার্থে সাংবাদিকরা ঘটনাস্থল ত্যাগ করতে বাধ্য হন।
এ ঘটনায় দৈনিক কালবেলা পত্রিকার প্রতিনিধি মো. আলাউদ্দিন ইসলাম উপজেলা নির্বাহী কর্মকর্তা বরাবর লিখিত অভিযোগ দিয়েছেন।
অভিযোগপত্রে আলাউদ্দিন বলেন, দীর্ঘদিন ধরে তিনি মেঘনা উপজেলায় নানা অনিয়ম, দুর্নীতি ও সামাজিক অবক্ষয়ের বিষয়ে দায়িত্বশীলভাবে সংবাদ পরিবেশন করে আসছেন। কিন্তু এ ধরনের আচরণ সাংবাদিকতার স্বাধীনতা ও গণমাধ্যমের পেশাগত দায়িত্ব পালনে সরাসরি বাধা সৃষ্টি করছে। এ বিষয়ে জানতে চাইলে উপজেলা নির্বাহী কর্মকর্তা মৌসুমী আক্তার বলেন,"বিষয়টি লিখিতভাবে অভিযোগ পেয়েছি।
গণমাধ্যমকর্মীদের সঙ্গে অসৌজন্যমূলক আচরণ কোনোভাবেই গ্রহণযোগ্য নয়। অভিযোগের সত্যতা যাচাইয়ে প্রয়োজনীয় তদন্ত করা হবে এবং তদন্তে অভিযোগ প্রমাণিত হলে সংশ্লিষ্টদের বিরুদ্ধে বিধি অনুযায়ী ব্যবস্থা নেওয়া হবে।

## ঢাকায় নকল আইফোন কারখানার

(শেষ পৃষ্ঠার পর)
মোট ৩৬৩টি আইফোন, বিপুল পরিমাণ যন্ত্রাংশ এবং মোবাইল সংযোজনের মেশিনারিজ উদ্ধার করেছে ডিবি। বৃহস্পতিবার (৮ জানুয়ারি) দুপুরে রাজধানীর মিন্টো রোডে ডিএমপি মিডিয়া সেন্টারে আয়োজিত সংবাদ সম্মেলনে এসব তথ্য জানান ডিবি মিরপুর বিভাগের উপ-পুলিশ কমিশনার মহিউদ্দিন মাহমুদ সোহেল। তিনি জানান, গোপন সংবাদের ভিত্তিতে ডিবি পুলিশ উত্তরা ১৭ নম্বর সেক্টর ও নিকুঞ্জ-১ এলাকায় একযোগে অভিযান চালায়। উত্তরা থেকে ৫৮টি আইফোনসহ একজনকে এবং নিকুঞ্জ-১ এলাকা থেকে ৩০৫টি মোবাইল ফোনসহ দুইজন চীনা নাগরিককে গ্রেপ্তার করা হয়। এ সময় অবৈধ মোবাইল ফোনের পাশাপাশি আইফোনের বিভিন্ন পার্টস, সংযোজনের মেশিনারিজ এবং বিদেশি মদ উদ্ধার করা হয়। ডিসি মহিউদ্দিন মাহমুদ সোহেল বলেন, প্রাথমিক তদন্তে জানা গেছে, চক্রটি বিদেশ থেকে আলাদাভাবে আইফোনের যন্ত্রাংশ এনে ঢাকায় একটি গোপন ল্যাব স্থাপন করে। সেখানে এসব যন্ত্রাংশ সংযোজন করে আইফোনের আদলে ভুয়া মোবাইল ফোন তৈরি করা হতো, যা পরে আসল আইফোন হিসেবে বাজারে বিক্রি করা হতো। তিনি আরও জানান, প্রায় দেড় বছর ধরে চক্রটি এই অবৈধ কার্যক্রম চালিয়ে আসছিল এবং এ সময়ে বিপুল পরিমাণ ভুয়া আইফোন বাজারে সরবরাহ করা হয়েছে বলে ধারণা করা হচ্ছে। চক্রটির সঙ্গে কোনো বাংলাদেশি জড়িত আছে কি না–এ বিষয়ে জানতে চাইলে তিনি বলেন, তদন্তে কয়েকজনের নাম উঠে এলেও তদন্তের স্বার্থে তা প্রকাশ করা যাচ্ছে না। এ সময় ডিবি পুলিশ সাধারণ জনগণকে মোবাইল ফোন কেনার ক্ষেত্রে সতর্ক থাকার আহ্বান জানায়। কম দামে 'অরিজিনাল আইফোন' বিক্রির প্রলোভনে না পড়ে অনুমোদিত ও বিশ্বস্ত শোরুম থেকে ফোন কেনার পরামর্শ দেওয়া হয়। গ্রেপ্তারদের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ প্রক্রিয়াধীন রয়েছে বলে জানিয়েছে পুলিশ।

## মেহেরপুরে ভোট প্রচারণা ও নির্বাচনী

(শেষ পৃষ্ঠার পর)
চালানো হয়। এছাড়া, গাংনী উপজেলার তেতুলবাড়িয়া ইউনিয়নে সহকারী কমিশনার (ভূমি) নাবিদ হোসেন এর নেতৃত্বে নির্বাচনী আচরণবিধি প্রতিপালন ও গণভোটের প্রচারণা কার্যক্রম সম্পন্ন হয়।

## অবৈধ পথে ইউরোপ প্রবেশে শীর্ষে

(শেষ পৃষ্ঠার পর)
মানবপাচার চক্রগুলো এই দুর্বলতার সুযোগ নিয়ে ইউরোপে পৌঁছানোর প্রলোভন দেখিয়ে বিপজ্জনক যাত্রায় মানুষকে ঝুঁকির মুখে ঠেলে দিচ্ছে। ফ্রন্টেক্স আরও জানায়, বাংলাদেশ থেকে অভিবাসনের ক্ষেত্রে অর্থনৈতিক বাস্তবতা একটি বড় চালিকাশক্তি। কর্মসংস্থানের সীমাবদ্ধতা ও আয় বৃদ্ধির সুযোগের অভাব অনেককে অনিয়মিত পথে ইউরোপে যাওয়ার ঝুঁকি নিতে বাধ্য করছে। ইউরোপীয় সংস্থাগুলোর তথ্য বিশ্লেষণে দেখা যায়, বাংলাদেশিদের ইউরোপমুখী এই প্রবণতা নতুন নয়। গত কয়েক বছর ধরেই ভূমধ্যসাগর পাড়ি দিয়ে ইউরোপে পৌঁছানো শীর্ষ জাতীয়তাগুলোর মধ্যে বাংলাদেশিদের নাম রয়েছে। তবে ২০২৫ সালে এসে এই সংখ্যা আরও বেড়েছে। বাংলাদেশিদের পাশাপাশি মিসরীয় ও আফগান নাগরিকরাও ইউরোপে অনিয়মিতভাবে প্রবেশকারীদের তালিকায় উল্লেখযোগ্য অবস্থানে রয়েছে। মিসরীয়রা মূলত ইতালি ও গ্রিসের ক্রিট দ্বীপে পৌঁছাচ্ছেন, আর আফগানরা স্থল ও সমুদ্র–উভয় পথই ব্যবহার করছেন। সামগ্রিকভাবে ইউরোপীয় সীমান্তে নজরদারি ও নিয়ন্ত্রণ আরও কঠোর হলেও বাংলাদেশিদের অনিয়মিত অভিবাসনের ক্ষেত্রে এর প্রভাব সীমিত বলেই মনে করছে ফ্রন্টেক্স।

জনসাধারণের এক বিশ্বস্ত স্বাস্থ্যসেবা প্রতিষ্ঠান
নিউ মাহি ক্লিনিক অ্যান্ড ডায়াগনস্টিক সেন্টার
বামুন্দি বাসস্ট্যান্ড
তেলপাম্পের ঠিক পশ্চিমে পশুহাট রোড প্রাইমারি স্কুল সংলগ্ন
মোবাইল : ০১৭৩০-৯৯৯৯১২
চিকিৎসাসেবা * আধুনিক ডায়াগনস্টিক সুবিধা * অভিজ্ঞ চিকিৎসকদল
প্রতিদিন নিয়মিত রোগী দেখেন এলাকার অভিজ্ঞ মেডিসিন বিশেষজ্ঞদের একজন-
ডা: মো. সেলিম উদ্দিন
এমবিবিএস,বিসিএস (স্বাস্থ্য), এফসিপিএস (মেডিসিন),এমডি(গ্যাস্ট্রোএন্টারোলজি) রেসিডেন্ট কনসালট্যান্ট, মেডিসিন, ঢাকা মেডিকেল কলেজ হাসপাতাল।
মডিসিন ও পরিপাকতন্ত্রের বিশেষজ্ঞ চিকিৎসা
প্রতিদিন নিয়মিত রোগী দেখেন বিশ্বস্ত নারী ও প্রসূতি বিশেষজ্ঞ
ডা: তাসনিম সুলতানা
এমবিবিএস (রাজ).ডিপ্লোমা ইন মেডিকেল আল্ট্রাসনোগ্রাফি (সিএমইউ). ডিএমইউ (ঢাকা)টিভিএস ও কালার ডপলারে বিশেষ প্রশিক্ষণপ্রাপ্ত. গাইনি ও অবস - স্ত্রী ও প্রসূতি বিশেষজ্ঞ।
গর্ভাবস্থা, প্রসব, গাইনিকোলজি ও আল্ট্রাসনোগ্রাফি সেবা. নারী রোগ ও প্রসূতি বিষয়ে বিশেষজ্ঞ পরামর্শ
২৪ ঘন্টা রোগী দেখছেন---- ডা:মো.নুর হোসেন
এম.বি.বি.এস,পিজিটি (মেডিসিন,চর্ম ও যৌন) সি. এম. ইউ. (আল্ট্রা) এক্স মেডিকেল অফিসার, চট্টগ্রাম মেডিকেল কলেজ এন্ড হসপিটাল। পিজিটি (অর্থোপেডিক সার্জারি)
কেন নিউ মাহি ক্লিনিক বেছে নেবেন
✔নির্ভুল পরীক্ষা-রিপোর্ট ✔ দক্ষ ও আন্তরিক চিকিৎসক দল ✔২৪ ঘন্টা চিকিৎসা সেবা
✔ শান্ত, পরিচ্ছন্ন ও নিরাপদ পরিবেশ ✔ রোগীর প্রতি বিশেষ যত্ন ও দায়িত্বশীলতা।
আপনার সুস্বাস্থ্যই আমাদের প্রথম অগ্রাধিকার,
আজই যোগাযোগ করুন-পান বিশ্বস্ত স্বাস্থ্যসেবা কাছেই!

বিশ্বস্ত ও নির্ভরতায়.....সেই ১৯৮৪ সাল থেকে
প্রতিষ্ঠাতাঃ মরহুম বাবর আলী
মেসার্স আঃ মালেক ষ্টোর
এন্ড মিষ্টান্ন ভান্ডার
ফল, কসমেটিকস্, বেবিফুড, ফাস্টফুড, ফ্রোজেনফুড,বেকারী, জন্মদিনের কেক, মুদি মালামাল, কাঁচা সবজি মিষ্টি ও দই সামগ্রী বিক্রেতা।
পরিচালনায় ঃ মোঃ আব্দুল মালেক
গাংনী বাজার বাসষ্ট্যান্ড, গাংনী, মেহেরপুর

Robiul Islam Memorial Hospital
রবিউল ইসলাম মেমোরিয়াল হাসপাতাল
ডা: মোসা: নুরুন্নাহার বেগম
এম.বি.বি.এস, বি.সি.এস (স্বাস্থ্য)
গাইনী ও প্রসূতি চিকিৎসক ও সার্জন
উপ-পরিচালক (অবঃ)
কুষ্টিয়া মেডিকেল কলেজ হাসপাতাল।
রোগী দেখার সময়ঃ প্রতি শনিবার সকাল ১১টা থেকে সন্ধ্যা পর্যন্ত
ডা: বি.ডি দাস (পিকলু)
এম.বি.বি.এস, বি.সি.এস (স্বাস্থ্য)
সি.এম.ইউ (আল্ট্রাসনো)
গাইনী, মহিলা, গর্ভবতী ও সার্জারী রোগের চিকিৎসক
রোগী দেখার সময়ঃ প্রতিদিন বেলা ২:৩০ থেকে সন্ধ্যা ৭টা পর্যন্ত
ডা:নাজনীন সুলতানা কনা
এম.বি.বি.এস (ঢাকা), বি.সি.এস (স্বাস্থ্য), সি.সি.ডি (বারডেম), ডি.এম.ইউ
এ্যানেস্থেসিয়াতে বিশেষ প্রশিক্ষণপ্রাপ্ত
ডি জি ও, ঢাকা মেডিকেল কলেজ হাসপাতাল
গাইনী ও প্রসূতি বিশেষজ্ঞ
রোগী দেখার সময়ঃ প্রতি শনিবার সকাল ১১টা থেকে সন্ধ্যা পর্যন্ত
ডা. মো: আব্দুল আল মারুফ
এম.বি.বি.এস (রাজশাহী মেডিকেল কলেজ)
বি.সি.এস (স্বাস্থ্য), এফ.সি.পি.এস (শিশু) শেষ পর্ব
এম.এস (শিশু সার্জারী) কোর্স-বিএসএমএমইউ
সিসিডি (ডায়াবেটিস: বারডেম)
পি.জি.পি.এন (শিশু পুষ্টি বোসটন ইউনিভার্সিটি আমেরিকা)
সহকারী রেজিস্ট্রার, কুষ্টিয়া মেডিকেল কলেজ হাসপাতাল (শিশু বিভাগ)
রোগী দেখার সময়ঃ প্রতি দিন বিকাল ৪.৩০ টা থেকে ৬ টা পর্যন্ত
ডাঃ অমিত কুমার বিশ্বাস
এম.বি.বি.এস, বিসিএস (স্বাস্থ্য)
ডি-অর্থো স্যার সলিমুল্লাহ মেডিকেল কলেজ (মিটফোর্ড হাসপাতাল)
রোগী দেখার সময়ঃ প্রতি বৃহস্পতিবার সকাল ১০টা থেকে বিকাল ৩টা পর্যন্ত
ডা: ইসরাত জেরিন
এম.বি.বি.এস, পি.জি.টি (গাইনী এন্ড অবস), সি.এম.ইউ (আল্ট্রা)
মহিলা ও মেডিসিন রোগের চিকিৎসক
আবাসিক মেডিকেল অফিসার
রোগী দেখার সময়ঃ প্রতিদিন সকাল ১০টা থেকে সন্ধ্যা পর্যন্ত
পুষ্টিবিদ: তরিকুল ইসলাম
বি.পি.এইচ (নিউট্রিশন), এম.পি.এইচ (নিউট্রিশন)
সি.এম.ইউ (ডি.ইউ), ডি.এম.ইউ (আল্ট্রা)
ডিপ্লোমা ইন মেডিকেল ফ্যাকালটি
রেজি: নং ডি-৭০৮১ (বি.এম এন্ড ডি.সি)
পুষ্টি বিশেষজ্ঞ
রোগী দেখার সময়ঃ প্রতিদিন
সিরিয়ালের জন্য যোগাযোগ করুন:
মোবাইল: ০১৭৬৬-৪৮৭৪০৯
মোবাইলঃ ০১৭৬৮-৩৭৭১৯১
গাংনী হাসপাতাল বাজার, গাংনী, মেহেরপুর।

# ভারতের ওপর ৫০০ শতাংশ শুল্ক আরোপে সম্মত ট্রাম্প

সূর্যোদয় প্রতিবেদন

রাশিয়ার কাছ থেকে তেল ও জ্বালানি কেনার কারণে ভারতসহ একাধিক দেশের ওপর সর্বোচ্চ ৫০০ শতাংশ পর্যন্ত আমদানি শুল্ক আরোপের উদ্যোগ নিয়েছে যুক্তরাষ্ট্র। এ সংক্রান্ত একটি কঠোর নিষেধাজ্ঞা বিলে সম্মতি দিয়েছেন মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প। বিলটি পাস হলে রাশিয়ার ব্যবসায়িক অংশীদার দেশগুলোর বিরুদ্ধে যুক্তরাষ্ট্র নজিরবিহীন অর্থনৈতিক ব্যবস্থা নিতে পারবে। মার্কিন রিপাবলিকান পার্টির প্রভাবশালী সিনেটর লিন্ডসে গ্রাহাম জানিয়েছেন, রিপাবলিকান ও ডেমোক্র্যাট উভয় দলের সমর্থনে প্রণীত এই 'রাশিয়া স্যাংশন বিল'এ ট্রাম্প প্রশাসনের সম্মতি রয়েছে। বিলটির মূল লক্ষ্য হলো রাশিয়ার সঙ্গে বাণিজ্য অব্যাহত রাখা দেশগুলোর ওপর চাপ সৃষ্টি করা, বিশেষ করে ভারত, চীন ও ব্রাজিলের মতো বড় অর্থনীতির দেশগুলোকে। রিপাবলিকান সিনেটর লিন্ডসে গ্রাহাম ও ডেমোক্র্যাট সিনেটর রিচার্ড ব্লুমেনথাল যৌথভাবে বিলটি উত্থাপন করেছেন। প্রস্তাবিত এই আইনে রাশিয়ার কাছ থেকে তেল, গ্যাস, ইউরেনিয়াম ও অন্যান্য কৌশলগত পণ্য কেনে–এমন দেশগুলোর ওপর সর্বোচ্চ ৫০০ শতাংশ পর্যন্ত আমদানি শুল্ক আরোপ এবং দ্বিতীয় পর্যায়ের নিষেধাজ্ঞা দেওয়ার ক্ষমতা মার্কিন প্রেসিডেন্টকে দেওয়া হয়েছে। বিলের ব্যাখ্যায় বলা হয়েছে, রাশিয়ার সামরিক কার্যক্রমের একটি বড় অংশের অর্থ আসে জ্বালানি রপ্তানি থেকে। ফলে রাশিয়ার পণ্য কেনা দেশগুলোর ওপর চাপ সৃষ্টি করে মস্কোর যুদ্ধ অর্থনীতিকে দুর্বল করাই এই উদ্যোগের মূল উদ্দেশ্য। সিনেটর গ্রাহাম বলেন, "ইউক্রেন যখন শান্তির জন্য ছাড় দিচ্ছে, তখন ভ্লাদিমির পুতিনকে আলোচনার টেবিলে আনতে এই বিল অত্যন্ত সময়োপযোগী।" তিনি আরও জানান, আগামী সপ্তাহেই সিনেটে বিলটি নিয়ে ভোটাভুটি হতে পারে। বর্তমানে যুক্তরাষ্ট্রে রপ্তানি করা কিছু পণ্যে ভারত প্রায় ৫০ শতাংশ শুল্ক দিচ্ছে। এর মধ্যে ২৫ শতাংশ আগেই রাশিয়ার তেল কেনার কারণে আরোপ করা হয়েছে। নতুন এই বিল পাস হলে শুল্কের হার কয়েক গুণ বেড়ে যেতে পারে, যা ভারত-যুক্তরাষ্ট্র বাণিজ্য সম্পর্কে বড় ধরনের প্রভাব ফেলতে পারে বলে আশঙ্কা করছেন বিশ্লেষকরা। বিশেষজ্ঞদের মতে, এই বিল কার্যকর হলে শুধু ভারত নয়, রাশিয়ার সঙ্গে বাণিজ্যিক সম্পর্ক বজায় রাখা সব দেশই যুক্তরাষ্ট্রের কঠোর অর্থনৈতিক চাপে পড়বে। একই সঙ্গে এটি বৈশ্বিক জ্বালানি বাজার ও আন্তর্জাতিক রাজনীতিতেও নতুন উত্তেজনা সৃষ্টি করতে পারে।

# ইরানে সরকারবিরোধী বিক্ষোভ তীব্র, লর্ডেগানে সংঘর্ষে নিহত ২

সূর্যোদয় প্রতিবেদন

ইরানের চাহারমাহাল ও বাখতিরি প্রদেশের লর্ডেগান শহরে পুলিশের সঙ্গে সংঘর্ষে দুইজন নিহত ও অন্তত ৩০ জন আহত হয়েছেন। স্থানীয় সময় বুধবার শহরের বিভিন্ন সড়কে প্রায় ৩০০ জন ব্যবসায়ী তাদের দোকান বন্ধ করে একত্রিত হন। বিক্ষোভকারীরা একটি সেতুর কাছে পৌঁছালে উত্তেজনা বৃদ্ধি পায় এবং কিছুজন পুলিশ সদস্যদের সঙ্গে সংঘর্ষে জড়ান। সংঘর্ষের সময় বিক্ষোভকারীদের হাতে আগ্নেয়াস্ত্র ছিল এবং তারা হঠাৎ নিরাপত্তা বাহিনীর দিকে গুলি চালায়, যা নিহতের ঘটনা ঘটায়। সহিংসতায় লর্ডেগান গভর্নরের দপ্তরসহ কিছু প্রশাসনিক ভবনও ক্ষতিগ্রস্ত হয়। ইরানে গত ১২ দিন ধরে জীবনযাত্রার ব্যয় বৃদ্ধির বিরুদ্ধে বিক্ষোভ চলছে এবং ৩১টি প্রদেশের মধ্যে ২৫টি প্রদেশে তা ছড়িয়ে পড়েছে। এই বিক্ষোভে নিরাপত্তা বাহিনীর সদস্যসহ অনেকে আহত ও নিহত হয়েছেন। বিশ্লেষকরা মনে করছেন, এটি গত কয়েক বছরের মধ্যে ইরানে সবচেয়ে বড় বিক্ষোভ। ২০২২-২৩ সালে মাশা আমিনির পুলিশের হেফাজতে মৃত্যুর পর দেশজুড়ে বিক্ষোভ ছড়িয়ে পড়েছিল। চলমান অর্থনৈতিক সংকট ও জুন মাসে ইসরায়েলের সঙ্গে সংঘাতের কারণে নতুন করে বিক্ষোভগুলো খামেনি প্রশাসনের জন্য বড় চ্যালেঞ্জ হিসেবে দেখা দিয়েছে।

## 'প্রয়োজনে খামেনিকে হত্যা করতে পারেন ট্রাম্প': লিন্ডসে গ্রাহামের হুঁশিয়ারি

সূর্যোদয় প্রতিবেদন
ইরানের জনগণের বিরুদ্ধে দমনপীড়ন অব্যাহত থাকলে দেশটির সর্বোচ্চ নেতা আয়াতুল্লাহ আলী খামেনিকে হত্যার সিদ্ধান্ত নিতেও পিছপা হবেন না মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প–এমন কড়া হুঁশিয়ারি দিয়েছেন যুক্তরাষ্ট্রের প্রভাবশালী রিপাবলিকান সিনেটর লিন্ডসে গ্রাহাম।

SE BG
সাদিক E-বাইক গ্যালারী
মনা জুয়েলার্স এর অঙ্গ প্রতিষ্ঠান

এখানে চার্জার বাইক, বাচ্চাদের চার্জার গাড়ি সহ সকল প্রকার চার্জার বাইকের এক্সেরিজ পাওয়া যায়।
01404-297165
প্রধান সড়ক, কাঁশারী বাজার, মেহেরপুর

বিসমিল্লাহ্ ফার্মেসী
প্রোঃ মোঃ আমিনুল ইসলাম সেন্টু

সকল প্রকার দেশী-বিদেশী ঔষধ সুলভ মূল্যে খুচরা ও পাইকারী বিক্রেতা।
ট্রাফিকমোড়, হোটেল বাজার মেহেরপুর
মোবাইল : ০১৭১৮-৪৩৩৩৮৬

ত্রয়ী স্টোর এন্ড বুটিকস
স্টাইলে থাকুন, ট্র্যাডিশনে ফিরুন!
শাড়ি হোক বা সালোয়ার কামিজ, ওয়েস্টার্ন টপ হোক কিংবা হ্যান্ডলুম কুর্তি–
ত্রয়ী তে পাওয়া যায় ট্র্যাডিশন আর ট্রেন্ডের এক অনন্য মিশেল!
✓ এক্সক্লুসিভ বুটিক পোশাক
✓ হাতে তৈরি দেশি জামাকাপড়
✓ দেশি-বিদেশী কসমেটিকস
✓ কুকারিজ আইটেম
✓ ইউনিক গিফট আইটেম
✓ কাস্টম ডিজাইন ও অর্ডার সুবিধা
ফ্যাশনের সাথে আপনিও বদলান, নিজের মতন স্টাইলে

কেএন সুপার মার্কেট, প্রধান সড়ক, বড়বাজার, মেহেরপুর
মোবাইল: ০১৭১৪-৫২০০৬৭ / ০১৯১৯৬০৩৭৯৫

# 'এখানে নতুন কিছু করার সুযোগ আছে'

স্পোর্টস ডেস্ক
ভারত-পাকিস্তানের রাজনৈতিক সম্পর্কের প্রভাব অনেক আগেই ক্রিকেটকে ছুঁয়েছে। দুই দেশ কোনো দ্বিপাক্ষিক সিরিজ খেলে না। এমনকি এশিয়া কাপে খেললেও দুই দলের ক্রিকেটাররা একে অপরের সঙ্গে হাত মেলান না। সম্প্রতি দুই দেশের এমন সম্পর্ক নিয়ে মন্তব্য করে বিপাকে পড়েছেন জেসন হোল্ডার।
সবশেষ এশিয়া কাপে ভারত চ্যাম্পিয়ন হলেও ট্রফি গ্রহণ করেনি। তাদের এমন সিদ্ধান্তের কড়া সমালোচনা করেন হোল্ডার। জনপ্রিয় পডকাস্ট 'গেম উইথ গ্রেস' এ হোল্ডার বলেন, 'আমি ভারত-পাকিস্তান 'বিফ' পছন্দ করি না। এটা ক্রিকেটের অনেক বাইরে চলে গেছে, যা সত্যিই দুঃখজনক। ভারত এশিয়া কাপ জিতে ট্রফি নিতে না যাওয়াটা ছিল মাত্রাতিরিক্ত। এসব আমাদের খেলায় মানায় না।'
ক্রিকেটারদের অনেকেই অনুসরণ করে। ফলে তাদের আচরণ সমাজে প্রভাব ফেলে বলে মনে করেন হোল্ডার। তাই ক্রিকেটারদের সবসময় ভালো আচরণ করা উচিত বলে মনে করেন তিনি। হোল্ডার বলেন, 'ক্রিকেটাররা বিশ্বদূত। আমরা যদি বিশ্বশান্তির কথা বলি, তাহলে আমাদের আইডলদের কাছ থেকে এমন আচরণ দেখতে চাই না।'ভারত ও পাকিস্তান দুইটাই শক্তিধর। তারা যদি মাঠে ঐক্য দেখাতে পারে, তাহলে ক্রিকেটের বাইরেও বড় বার্তা যাবে। হাত মেলানো, পারস্পরিক সম্মানের মতো ছোট প্রতীকী উদ্যোগ মানুষের দৃষ্টিভঙ্গি বদলাতে পারে।'-যোগ করেন এই ক্যারিবিয়ান।
ভারতকে নিয়ে এমন মন্তব্যের পর সামাজিক যোগাযোগমাধ্যমে ভারতীয়দের তোপের মুখে পড়েছেন হোল্ডার। অনেকেই তাকে বয়কটের ডাক দিচ্ছেন। এমনকি আইপিএল থেকে বাদ দেওয়ার দাবিও তুলছেন ভারতীয় সমর্থকরা। সম্প্রতি ভারতীয়দের এমন দাবির মুখে বাংলাদেশি পেসার মুস্তাফিজুর রহমানকে বাদ দিয়েছে কলকাতা নাইট রাইডার্স।
আসন্ন আসরে গুজরাট টাইটান্সের হয়ে খেলার কথা রয়েছে হোল্ডারের। নিলাম থেকে ৭ কোটি রুপিতে তাকে দলে নিয়েছে ফ্র্যাঞ্চাইজিটি।



নিউ এভারকেয়ার নার্সিং হোম
চক্রপাড়া মোড়, হুদা হেলথ কেয়ারের ২য় তলা
ওয়াবদা রোড, মেহেরপুর
NEW EVERCARE NURSING HOME
**হট লাইন:** ০১৭৬৩-৬৪৬৬০৩
**ব্যবস্থাপনা পরিচালক:** ০১৭৪৩-৯০৪৩৩৬
**ম্যানেজার (শিমুল):** ০১৩০৪-১৫৬০৮৮৮
**রিসেপশন:** ০১৩০৪-১৫৬০৮৮৮
বিশেষজ্ঞ ডাক্তারবৃন্দ
ডা. সুরাইয়া মারমিন (পুস্প)
এম.বি.বি.এস (ডিএমসি), বি.সি.এস (স্বাস্থ্য)
এফ.সি.পি.এস (গাইনী ও অবস), ডি আল্ট্রা
প্রসূতি ও নারী রোগ বিশেষজ্ঞ ও সার্জন।
ডা. মোঃ ফজলুর রহমান
এম.বি.বি.এস (স্বাস্থ্য), এম.এস জেনারেল (সার্জারী), কনসালট্যান্ট (সার্জারী),
২৫০ শয্যা জেনারেল হাসপাতাল, মেহেরপুর।
ডা. পারভীন আখতার
জুনিয়ার কনসালট্যান্ট (গাইনী ও অবস)
উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, আলমডাঙ্গা, চুয়াডাঙ্গা।
ডা. মোঃ সউদ কবীর
এম.বি.বি.এস, বি.সি.এস (স্বাস্থ্য), ডি-অর্থ (এফপি) ২৫০ শয্যা জেনারেল হাসপাতাল, মেহেরপুর।
ডা. অলোক কুমার দাস
এম.ডি (নোরেল মেডিসিন), রাশিয়া, এম.পি.এইচ (বিডি), বিসিএস (স্বাস্থ্য), এমও বিটি.
২৫০ শয্যা জেনারেল হাসপাতাল, মেহেরপুর।
**আমাদের সেবাসমূহ**
✅ প্রাইভেট ও সাধারণ রোগী সেবা. ✅ প্রসূতি ও নারী স্বাস্থ্য,
✅ সার্জারি ও সাধারণ চিকিৎসা ✅ উন্নত ও বন্ধুত্বপূর্ণ পরিবেশ

রাবেয়া মেডিকেল সার্ভিসেস
(কমপ্লিট মেডিকেল সলিউশন অন জেনারেল হাসপাতাল গেট, মেহেরপুর।
যোগাযোগ : রিসিপশন: ০১৭৫৪৯৭৪৪৬৬ সিরিয়াল: ০১৭২৪-৭৮৭৩১৩,
মার্কেটিং অফিসার: ০১৩০৪-১০০৩০৭, ০১৩০৪-১০০৩০
ডাঃ মোঃ আলাউদ্দিন আল-আজাদ
এমবিবিএস, ডি-অর্থো (সার্জারী)
কনসালটেন্ট অর্থোপেডিক, হাড় জোড়া, বাত ব্যাথা, শিরারোগ বিশেষজ্ঞ। শনিবার থেকে বৃহস্পতিবার বিকেল ৪ টা থেকে সন্ধ্যা ৬.৩০ পর্যন্ত।
ডাঃ বিপুল কুমার বিশ্বাস
সহকারী অধ্যাপক
এমবিবিএস, ডিজিও, এফসিপিএস (গাইনী ও অবস)
সহকারী অধ্যাপক-গাইনী বিভাগ।
বিকাল ৪ টা -৮টা পর্যন্ত, শুক্রবার সকাল ৮টা-২টা
ডাঃ মোঃ ইয়ানুর হোসেন
এমবিবিএস, (ডিএমসি), বিসিএস (স্বাস্থ্য), এফসিপিএস (মেডিসিন), এমডি (কার্ডিওলজি)
কনসালটেন্ট মেডিসিন বিভাগ, এডভান্সড ট্রেনিং ইন ইকো-কার্ডিওগ্রাফী (ইন্ডিয়া)
বৃহস্পতিবার বিকাল ৩টা -৮টা শুক্রবার সকাল ৮টা-৮টা।
ডাঃ মোঃ আবুল কাশেম
এমবিবিএস(ঢাকা), বিসিএস(স্বাস্থ্য), এফসিপিএস (ইএনটি), ডিএলও বিএসএমএমইউ-এক্স-পিজিটি কনসালটেন্ট (ইএনটি), ফেলোশীপ ইন মাইক্রোইয়ার সার্জারী (চেন্নাই, ইন্ডিয়া)। বৃহস্পতিবার বিকাল ৩টা- ৮টা ও শুক্রবার সকাল ৮টা -রাত ৮টা।
ডাঃ মোঃ এমরানুল ইসলাম (আবির)
সহকারী অধ্যাপক
এমবিবিএস(ঢাকা), বিসিএস(স্বাস্থ্য), এফসিপিএস(শিশু), ডিএলও (বিএসএমএমইউ)-এক্স-পিজি হাসপাতাল।
প্রতি শুক্রবার সকাল ১০ টা থেকে দুপুর ১ টা।
ডাঃ মোঃ রোকনুজ্জামান
এমবিবিএস(রাজশাহী),
এফসিপিএস-শেষ পর্ব (স্কিন এন্ড ভিডি), সি.সি.ডি.পি (ঢাকা মেডিকেল কলেজ) চর্ম, যৌন, এলার্জি ও সেক্স বিশেষজ্ঞ। প্রতি বৃহস্পতিবার সকাল ৮টা - ১১টা।
ডাঃ মোঃ মাহবুবুল আলম (বিপ্লব)
সহকারী অধ্যাপক
এমবিবিএস(ডিএমসি), বিসিএস (স্বাস্থ্য), এমএস (শিশু সার্জারী), সহকারী অধ্যাপক প্রতিদিন বিকাল ৪ টা - ৮টা। শুক্রবার সকাল ৮টা - ৮টা
ডাঃ এম এম কবির শাওন
এমবিবিএস, ডি.এল.পি (এ্যাজমা),
ডিএমইউ (আল্ট্রাসাউন্ড) এ্যাজমা বিশেষজ্ঞ ও সনোলজিস্ট। প্রতিদিন সকাল ১০ টা -দুপুর ২টা। বিকাল ৪ টা -রাত ৮ টা।
ডাঃ মোঃ আরিফুল ইসলাম
সহকারী অধ্যাপক
এমবিবিএস(ঢাকা), বিসিএস(স্বাস্থ্য), এফসিপিএস সার্জারী) কনসালটেন্ট (সার্জারী), এন্ড ল্যাপারো স্কিন সার্জন। মাসের প্রথম সমবার দুপুর ২টা - ৫টা পর্যন্ত।
ডাঃ মাহবুবা তাজমিলা
এমবিবিএস(ঢাকা), বিসিএস (স্বাস্থ্য), এফসিপিএস (শিশু), কনসালটেন্ট (শিশু)। প্রতি শনিবার ও মঙ্গলবার দুপুর ২.৩০ টা - বিকাল ৫টা
ডাঃ মেহেদী হাসান জনি
এমবিবিএস(ঢাকা), বিসিএস(স্বাস্থ্য)
এমবিবিএস(ঢাকা), বিসিএস(সা), এমএস (ইউরোলজী) পিজিটি (সার্জারী)
প্রতি শুক্রবার সকাল ৯ টা -দুপুর ১ টা।
ডাঃ মোঃ সফিউল আলম
এমবিবিএস,
এফসিপিএস(সার্জারী) সহকারী অধ্যাপক (জেনারেল সার্জারী), ল্যাপারোস্কপিক। শুক্রবার সকাল ৯ টা থেকে বিকেল ৫টা।

নিউ স্কয়ার ল্যাব
ওয়াবদা মোড়, হাসপাতাল রোড, মেহেরপুর
সিরিয়ালের জন্য: ০১৮৫৮-৯৫৬৯৩৩
আপনার স্বাস্থ্যসেবায় অভিজ্ঞ চিকিৎসকবৃন্দ
ডাঃ মোঃ মাহাফুজুল হক সরকার
মেডিসিন, নিউরো, বক্ষব্যাধি, ডায়াবেটিস,গ্যাস্টলিভার, বাতব্যাথা ও মনোরোগ বিশেষজ্ঞ।
এমবিবিএস (আরইউ), ডিএফএম (বিসিএমইউ), ফসিপিএস পার্ট-১, পিজিটি (মেডিসিন), সিসিডি (বারডেম)।
রুগী দেখেন: প্রতি শুক্রবার সকাল ৯ টা- সন্ধ্যা ৬ টা
ডাঃ মোঃ রবিউল ইসলাম আবির
মেডিসিন, হৃদরোগ, উচ্চ রক্তচাপ, বাতব্যাথা, ডায়াবেটিস, লিভার ও জন্ডিস রোগ বিশেষজ্ঞ।
এমবিবিএস (ঢাকা), সিসিড (বারডেম), সিএমইউ (আল্ট্রা)।
রোগী দেখেন: প্রতিদিন সকাল ১০টা–২টা বিকাল ৩টা–৮টা
ডাঃ তাসমেরী নাহার
স্ত্রী, প্রসূতি ও গাইনী রোগ বিশেষজ্ঞ,এমবিবিএস, বিসিএস (স্বাস্থ্য)।
রোগী দেখেন: প্রতিদিন বিকাল ৩টা – রাত ৮টা
ডাঃ মোঃ মঞ্জুরুল হাসান
মেডিসিন, বাত, মাথাব্যাথা, বক্ষব্যাধি, হাত-পা জ্বালাপোড়া, চর্ম ও যৌন রোগ বিশেষজ্ঞ।
এমবিবিএস, বিসিএস (স্বাস্থ্য), মেডিকেল অফিসার।
রোগী দেখেন: প্রতিদিন বিকাল ৩টা – রাত ৮টা
ডাঃ ফরহাদ পারভেজ
মেডিসিন, বাতজ্বর, উচ্চ রক্তচাপ ও বাতব্যাথা রোগ বিশেষজ্ঞ
এমবিবিএস, বিসিএস (স্বাস্থ্য), মেডিকেল অফিসার
রোগী দেখেন: প্রতিদিন বিকাল ৩টা – রাত ৮টা

হৃদয়ে লাল সবুজ

# আমাদের সূর্যোদয়

মেহেরপুর, শুক্রবার, ৯ জানুয়ারি ২০২৬ ইং

## স্কুলে যায়, শিখে না

মেহেরপুরের সরকারি প্রাথমিক বিদ্যালয়গুলোর চিত্র উদ্বেগজনক। শিশুদের উপস্থিতি আছে, পরীক্ষার ফলও আছে–কিন্তু শেখা নেই। তৃতীয়, চতুর্থ এমনকি পঞ্চম শ্রেণির শিক্ষার্থীরাও ঠিকমতো পড়তে পারে না, গুণের নামতা বলতে গিয়ে থেমে যায়। তবু তারা পাশ করছে, শ্রেণি বদলাচ্ছে।

এটি কোনো একক এলাকার সমস্যা নয়; এটি প্রাথমিক শিক্ষাব্যবস্থার নীরব সংকট। কাগজে-কলমে উন্নতির হিসাব থাকলেও বাস্তবে শেখার ভিত দুর্বল। মুখস্থনির্ভর পরীক্ষা, শিশুভিত্তিক মূল্যায়নের অভাব ও শিক্ষক সংকট এই পরিস্থিতিকে আরও জটিল করে তুলেছে। অভিভাবকেরা সন্তানের সার্টিফিকেট নিয়ে আশ্বস্ত হলেও ভবিষ্যৎ নিয়ে শঙ্কিত। প্রশ্ন হলো–শেখা ছাড়া এই সার্টিফিকেটের মূল্য কতটুকু? প্রাথমিক শিক্ষা হচ্ছে ভবিষ্যতের ভিত্তি। এই ভিত্তি যদি দুর্বল হয়, তবে পুরো শিক্ষাব্যবস্থাই ঝুঁকিতে পড়বে। শুধু উপস্থিতি আর পাশের হার দিয়ে একটি প্রজন্মকে এগিয়ে নেওয়া যায় না। এখনই সময় ফলাফলের সংখ্যা নয়, শেখার মানকে অগ্রাধিকার দেওয়ার। নইলে আজকের এই নীরব ব্যর্থতাই কালকের বড় সংকটে রূপ নেবে।

## মেহেরপুরে গণভোট সচেতনতা

(প্রথম পৃষ্টার পর)

যোগাযোগমাধ্যমে রিলস প্রচার করব। প্রতিটি সরকারি দপ্তরের ফেসবুক পেজে প্রচারণা চালানো হবে। রাজনৈতিক নেতৃবৃন্দকেও এগিয়ে আসতে হবে, যাতে গণভোট আরও ব্যাপকভাবে পৌঁছায়।" সভায় জেলা নির্বাচন কর্মকর্তা এনামুল হক বলেন, "নির্বাচন কমিশনের পক্ষ থেকে আমরা ভোটারকে সচেতন করার জন্য কাজ করছি। নির্বাচনের দিন অবাধ অংশগ্রহণ নিশ্চিত করতে মাঠ পর্যায়ে নজরদারি ও জনসচেতনতা অভিযান জোরদার করা হবে।"জেলা প্রশাসক আরও বলেন, "জুলাই সনদে সব রাজনৈতিক দল স্বাক্ষর করেছে এবং ৩০টি বিষয়ে ঐকমত্য পোষণ করেছে। তাই গণভোট সংক্রান্ত সচেতনতা কার্যক্রম বাস্তবায়ন সকলের যৌথ দায়িত্ব। এটি শুধু প্রশাসনের দায়িত্ব নয়, রাজনৈতিক দল, শিক্ষক, পুলিশ, এনজিও, সাংবাদিক–সকলের সহযোগিতা প্রয়োজন। গণভোটে সক্রিয় অংশগ্রহণ মানুষের গণতান্ত্রিক অধিকার নিশ্চিত করে, যা দীর্ঘমেয়াদে সমাজ ও রাজনীতিকে শক্তিশালী করে।" এছাড়া সভায় প্রস্তাব করা হয় ডিগ্রি ও অনার্স কলেজে সেমি-নার আয়োজনের মাধ্যমে শিক্ষার্থী ও তরুণ ভোটারদের অংশগ্রহণ বাড়ানো। হাট, বাজার ও জনসমাগমপূর্ণ এলাকায় সচেতনতামূলক পোস্টার ও প্রচার রিলস প্রদর্শনের মাধ্যমে সাধারণ মানুষকে ভোটের গুরুত্ব বোঝানো হবে। একাধিক কর্মকর্তা সভায় আশাবাদ ব্যক্ত করেন যে, সুশৃঙ্খল পরিকল্পনা বাস্তবায়ন হলে মেহেরপুরে ভোটার সচেতনতা উল্লেখযোগ্যভাবে বৃদ্ধি পাবে এবং নির্বাচন অবাধ, সুষ্ঠু ও নিরপেক্ষ হবে।সভায় আরো বক্তব্য রাখেন অতিরিক্ত পুলিশ সুপার মোহাম্মদ আতিকুল হক, সদর উপজেলা নির্বাহী অফিসার খায়রুল ইসলাম, কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের উপ-পরিচালক সনজীব কুমার রায়, জেলা প্রাথমিক শিক্ষা অফিসার সুকুমার রায়, ইসলামিক ফাউন্ডেশনের উপ-পরিচালক এ জে এম সিরাজুম মুনির, জেলা তথ্য অফিসার আব্দুল্লাহ আল মামুন, মহিলা বিষয়ক অধিদপ্তরের উপ-পরিচালক নাসিমা খাতুন, সদর উপজেলা নির্বাচন অফিসার বাবুল হক আমাদের সূর্যোদয়-এর ভারপ্রাপ্ত সম্পাদক মাহবুবুল হক পোলেন ও এনজিও সমিতির সহ-সভাপতি আবু জাফর প্রমুখ।

## নির্বাচনে সাংবাদিক ও পর্যবেক্ষকদের

(প্রথম পৃষ্টার পর)

চালু করা হয়েছে। নির্ধারিত তথ্য ও প্রয়োজনীয় কাগজপত্র সংযুক্ত করে ওয়েবসাইটের মাধ্যমে আবেদন করতে হবে। আবেদন যাচাই-বাছাই শেষে অনুমোদন পেলে দেশীয় গণমাধ্যমকর্মীরা নিজেদের সাংবাদিক কার্ড এবং দেশীয় পর্যবেক্ষকরা কার্ড ও গাড়ির স্টিকার ঘরে বসেই ডাউনলোড করতে পারবেন। আবেদন করার সময় সংশ্লিষ্ট গণমাধ্যম বা প্রতিষ্ঠানের অফিস প্যাডে করা আবেদনপত্রের কপি, সাংবাদিক পরিচয়পত্র, জাতীয় পরিচয়পত্রসহ প্রয়োজনীয় কাগজপত্র সংযুক্ত করতে হবে। ফ্রিল্যান্স সাংবাদিকদের ক্ষেত্রে পিআইডি কার্ড বাধ্যতামূলক করা হয়েছে বলে জানান ইসি কর্মকর্তারা। নতুন এই অন

## মেহেরপুরে আগ্নেয়াস্ত্র সহ একজন আটক

(প্রথম পৃষ্টার পর)

আলী বিশ্বাসের ছেলে বিল্লাল হোসেনের (৪২) বাড়িতে অভিযান চালায় সেনাবাহিনী। এসময় তার ঘর থেকে একটি (মেড বিবি ইউএসএ) ৭.৬৫ মি.মি পিস্তল, একটি ম্যাগাজিন ও দুই রাউন্ড তাজা গুলি উদ্ধার করা হয়। আটকের পর তাকে মুজিবননগর থানায় হস্তান্তর করা হয়। মুজিবনগর থানার ওসি জাহিদুল ইসলাম বলেন আটক মোঃ বিল্লাল হোসেন একজন চিহ্নিত সন্ত্রাসী। তার বিরুদ্ধে চোরাচালান, মানি লন্ডারিং, অনলাইন বেটিং ও ক্যাসিনো ব্যবসা, চাঁদাবাজিসহ বিভিন্ন অপরাধমূলক কর্মকাণ্ডে জড়িত থাকার অভিযোগ রয়েছে। তার বিরুদ্ধে অবৈধ অস্ত্র আইনে নতুন একটি মামলা দায়ের করা হয়েছে। আইনি প্রক্রিয়া শেষে তাকে আদালতের মাধ্যমে জেলহাজতে প্রেরণ করা হবে।

## মেহেরপুর জেলা ক্রীড়া সংস্থার

(প্রথম পৃষ্টার পর)

আসাদুর রহমান লিটন প্রমুখ। সভায় জেলা ক্রীড়া সংস্থার বিভিন্ন বিষয় নিয়ে আলোচনা করা হয়।

## মুজিবনগরে সড়ক দুর্ঘটনায় এক

(প্রথম পৃষ্টার পর)

মহাজনপুরের দিকে যাচ্ছিলেন। পথে কোমরপুর গ্রাম অতিক্রম করে হাজী মশিউরের ইটভাটার সামনে পৌঁছালে পিকআপটি একটি ট্রাক্টরকে সাইড দিতে গিয়ে নিয়ন্ত্রণ হারিয়ে উল্টে যায়। পিকআপের ওপর থাকা ৫-৬ জন শ্রমিক গাড়ির নিচে চাপা পড়ে। স্থানীয়রা তাদের দ্রুত উদ্ধার করে মেহেরপুর সদর হাসপাতালে পাঠান, যেখানে চিকিৎসাধীন অবস্থায় হুমায়ুনকে মৃত ঘোষণা করা হয়। আহত দুই শ্রমিক বর্তমানে আশঙ্কামুক্ত। মুজিবনগর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) জাহিদুল ইসলাম জানিয়েছেন, "এটি একটি নিছক দুর্ঘটনা। প্রয়োজনীয় আইনগত ব্যবস্থা প্রক্রিয়াধীন রয়েছে।"

## মেহেরপুরে অভিনব কায়দায় দুই

(প্রথম পৃষ্টার পর)

তার ভ্যান নিয়ে গো-হাট এলাকায় যায় এবং কাঁটা তার বিক্রির অজুহাতে নগদ ৮ হাজার টাকা হাতিয়ে নেয়। পরবর্তীতে সদর উপজেলার আশরাফুল গ্রামের গোলাম শেখের ছেলে গুড় বিক্রেতাকে দাঁড় করিয়ে মোবাইলে ফোনে কথা বলে মাছ ক্রয়ের অজুহাত দেখিয়ে ৪,৪০০ টাকা নেয় এবং দ্রুত ঘটনাস্থল ত্যাগ করে। পিয়াদা পাড়া এলাকায় সিসিটিভি ফুটেজে দেখা গেছে, এক হেলমেট পরিহিত যুবক মোটরসাইকেলে চড়ে দ্রুত সেখান থেকে পালিয়েছে।

## গাংনীতে শীতকালীন ক্রীড়া

(প্রথম পৃষ্টার পর)

অনুষ্ঠানের সভাপতিত্ব করেন গাংনী উপজেলা ভারপ্রাপ্ত শিক্ষা অফিসার মনিরুল ইসলাম, এবং বক্তব্য রাখেন বিদ্যালয়ের প্রধান শিক্ষক হাসান আল নূরানী। পরে বিভিন্ন প্রতিযোগিতার বিজয়ীদের মধ্যে পুরস্কার বিতরণ করা হয়।

## মেহেরপুরে শীতকালীন ক্রীড়া প্রতিযোগিতা

(প্রথম পৃষ্টার পর)

বিদ্যালয়। ব্যাডমিন্টন বালিকা এককে চ্যাম্পিয়ন আমঝুপি মাধ্যমিক বালিকা বিদ্যালয় এবং ব্যাডমিন্টন বালিকা দল এ চ্যাম্পিয়ন মোমিন-পুর মাধ্যমিক বিদ্যালয়।

## মুজিবনগরে বীর মুক্তিযোদ্ধা সাবদার

(প্রথম পৃষ্টার পর)

থানার ওসি (তদন্ত) গৌতম কুমার এবং অন্যান্য বীর মুক্তিযোদ্ধারা মরদেহে পুষ্পস্তবক অর্পণ করেন। পরে মেহেরপুর পুলিশ লাইনের চৌকস পুলিশ দল রাষ্ট্রীয় মর্যাদায় গার্ড অব অনার প্রদান করে এবং

মিজানুর রহমান অপু

## বিরাট শিশুর খেলায় আমাদের সমাজ



'খেলিছ এ বিশ্ব লয়ে বিরাট শিশু আনমনে...'–কাজী নজরুল ইসলামের এই গানটি আজও অস্বস্তিকরভাবে প্রাসঙ্গিক। এখানে ঈশ্বরকে কল্পনা করা হয়েছে এক 'বিরাট শিশু' হিসেবে, যে পুরো বিশ্বকে নিজের খেলনার মতো ধরে নিয়ে অন্যমনস্কভাবে খেলছে। সে সৃষ্টি করছে, আবার ভেঙে দিচ্ছে। তার খেলায় কার কী হচ্ছে, সে বিষয়ে তার যেন কোনো দায় নেই। এই রূপক কেবল আধ্যাত্মিক ভাবনা নয়; সমাজ ও রাষ্ট্রের বাস্তবতাতেও তা গভীরভাবে প্রযোজ্য। আজ আমাদের চারপাশে তাকালেই দেখা যায়–কোথাও যুদ্ধ, কোথাও দুর্ভিক্ষ, কোথাও রাষ্ট্রীয় অব্যবস্থাপনা, কোথাও মানুষের অধিকার নিঃশব্দে ভেঙে পড়ছে। সিদ্ধান্ত নেওয়া হচ্ছে দূরের কক্ষে, আর তার ফল ভোগ করছে সাধারণ মানুষ। মনে হয়, আমরা যেন কোনো এক 'বিরাট শিশুর' খেলায় বন্দী। শাসকগোষ্ঠী, ক্ষমতাকেন্দ্র কিংবা বৈশ্বিক শক্তির আচরণও অনেক সময় সেই শিশুসুলভ উদাসীনতার কথাই মনে করিয়ে দেয়। পরিকল্পনা হয়, প্রকল্প হয়, উন্নয়নের গল্প শোনা যায়–কিন্তু তার ভেতরে হারিয়ে যায় মানুষের জীবন, শ্রম ও সম্মান। কারও ঘর ভাঙে, কারও জীবিকা যায়, কারও ভবিষ্যৎ অনিশ্চিত হয়ে পড়ে। তবু খেলাটা থামে না। এই বাস্তবতায় মানুষ প্রশ্ন করে–আমাদের কণ্ঠ কি আদৌ শোনা হয়? আমরা কি কেবল পরিসংখ্যান, ভোট কিংবা দর্শক? নজরুলের রূপক যেন এই প্রশ্নগুলোকেই ভাষা দেয়। তবে নজরুল এখানেই থেমে যাননি। তিনি ছিলেন বিদ্রোহী। 'বিরাট শিশু'র খেলাকে তিনি অমোঘ বলে মেনে নেননি; বরং মানুষের বিবেককে জাগাতে চেয়েছেন। আজকের সমাজে সবচেয়ে বড় সংকট সম্ভবত এই বিবেকের ঘুম। আমরা অন্যায়ের দর্শক হয়ে উঠেছি, ভুক্তভোগী হলেও নীরব। খেলায় আছি, কিন্তু প্রশ্ন করতে ভয় পাচ্ছি। অথচ নজরুল আমাদের শেখান–খেলায় থাকলেও খেলনা হওয়া যাবে না। এই গান আমাদের মনে করিয়ে দেয়, ক্ষমতা যখন দায়হীন হয়, তখন তা শিশুর খেলায় রূপ নেয়। আর সেই খেলায় সবচেয়ে বেশি ক্ষতিগ্রস্ত হয় সাধারণ মানুষ। তাই সমাজ বদলাতে হলে শুধু 'বিরাট শিশু'র দিকে তাকিয়ে থাকা নয়, নিজেদের দায়িত্বও বুঝতে হবে। নজরুলের গান তাই আজও আমাদের সামনে এক কঠিন আয়না ধরে–আমরা কি কেবল খেলনার মতো ছুটে চলব, নাকি সচেতন মানুষ হয়ে খেলাটার নিয়ম বদলানোর সাহস করব?

## হালাল রুজি–ইবাদত কবুলের শর্ত

সেলিম হোসাইন আজাদী

আমাদের প্রিয় বাংলাদেশ আজ এক ভয়াবহ নৈতিক সংকটের মধ্য দিয়ে যাচ্ছে। দুর্নীতি যেন সমাজের নানা স্তরে স্বাভাবিক বিষয়ে পরিণত হয়েছে। আল্লাহভীরু ও সৎ মানুষ যে একেবারেই নেই–তা নয়। তবে দুঃখজনক বাস্তবতা হলো, অনেকেই জেনেশুনেই হারাম উপার্জনের পথে হাঁটছেন।

আরও বেদনাদায়ক হলো–এই হারাম উপার্জনের সঙ্গে বাহ্যিক ইবাদতের সহাবস্থান। অনেককে দেখা যায় আজান হলে নামাজে দাঁড়াতে, রমজানে রোজা রাখতে, হজ-ওমরাহ করতে, মসজিদ-মাদ্রাসা ও ধর্মীয় অনুষ্ঠানে নেতৃত্ব দিতে। প্রশ্ন হলো–তারা কি জানেন না যে হারাম উপার্জনের ওপর দাঁড়িয়ে করা ইবাদত আল্লাহ তায়ালার কাছে গ্রহণযোগ্য নয়? অবশ্যই জানেন। কিন্তু লোভ ও দুনিয়ামুখিতা তাদের বিবেককে বারবার পরাজিত করছে। আল্লাহকে ধোঁকা দেওয়া যায় না–এই সত্য জেনেও মানুষ দুনিয়ার মানুষের প্রশংসা ও বাহ্যিক সম্মানের পেছনে ছুটছে। অথচ কোরআন ও হাদিসে স্পষ্টভাবে বলা হয়েছে–হালাল রুজিই ইবাদত কবুল হওয়ার মূল শর্ত। ফকিহ আবু লাইস সমরকন্দী (রহ.) তাঁর 'তানবিহুল গাফেলিন' গ্রন্থে কিয়ামতের এক হৃদয়বিদারক চিত্র তুলে ধরেছেন। সেখানে এক ব্যক্তি মাত্র একটি নেকির অভাবে জাহান্নামের মুখে দাঁড়িয়ে স্ত্রী, সন্তান ও আত্মীয়দের কাছে সাহায্য চাইবে। কিন্তু কেউই তাকে একটি নেকিও দিতে রাজি হবে না। কোরআনুল কারিমে আল্লাহ তায়ালা বলেন– "কিয়ামতের দিন কেউ কারও পাপের বোঝা বহন করবে না। এমনকি নিকটাত্মীয়ও নয়।" (সুরা ফাতির : ১৮)।এই আয়াত আমাদের স্মরণ করিয়ে দেয়–দুনিয়ার সম্পর্ক, অর্থ-সম্পদ ও বাহ্যিক মর্যাদা আখিরাতে কোনো কাজে আসবে না। সেখানে কাজে আসবে শুধু ঈমান, হালাল জীবন ও বিশুদ্ধ আমল। আজ প্রয়োজন আত্মসমালোচনা। আমাদের ইবাদত কি কেবল অভ্যাসে পরিণত হয়েছে? আমাদের উপার্জন কি সত্যিই হালাল? যদি না হয়, তবে বাহ্যিক ধর্মীয়তা আমাদের মুক্তি দিতে পারবে না। আল্লাহ তায়ালা আমাদের অন্তরে হালাল-হারামের পার্থক্য বুঝবার তাওফিক দান করুন এবং হালাল জীবনের ওপর দৃঢ় থাকার শক্তি দিন।

এক মিনিট নীরবতা পালন করা হয়। এরপর মরদেহ ঢোলমারী কবরস্থানে দাফন করা হয়। জানাজায় উপস্থিত ছিলেন উপজেলা নির্বাহী অফিসার সাইফুল হুদা, বীর মুক্তিযোদ্ধা আফজাল হোসেন, লুৎফর রহমান, আয়ুব হোসেন, নায়েক আলী, সাবদার আলীসহ স্থানীয় বীর মুক্তিযোদ্ধা ও গণ্যমান্য ব্যক্তিবর্গ।

## লড়াই বিএনপি বনাম জামায়াতের

(প্রথম পৃষ্টার পর)

"এই আসনের মানুষ দীর্ঘদিন ভোটাধিকার থেকে বঞ্চিত। সুষ্ঠু নির্বাচন হলে জনগণই তাদের রায় দেবে। নির্বাচিত হলে কর্মসংস্থান ও এলাকার অবকাঠামোগত উন্নয়নকে অগ্রাধিকার দেব।" অন্যদিকে, জামায়াতে ইসলামী প্রার্থী তাজউদ্দীন খান বলেন, "মানুষ পরিবর্তন চায়। ন্যায়বিচার, সুশাসন ও ইসলামী মূল্যবোধের রাজনীতির পক্ষে মানুষ এখন ঐক্যবদ্ধ হচ্ছে। আমরা আশাবাদী, ভোটাররা আমাদের দিকেই তাকাবে।" স্থানীয় নেতাদের ভাষ্য, সদর ও মুজিবনগর এলাকায় দুই দলেরই শক্তিশালী সংগঠন রয়েছে। ভোটের ফল নির্ধারিত হবে ভোটার উপস্থিতি ও শেষ মুহূর্তের প্রচারণার ওপর। মুজিবনগর উপজেলার জয়পুর গ্রামের নারী ভোটার শিউলি খাতুন জানান,

"আমরা শান্তিপূর্ণ নির্বাচন চাই। যেই দল মানুষের নিরাপত্তা, শিক্ষা আর চিকিৎসার বিষয়টি গুরুত্ব দেবে, সেদিকেই আমাদের ভোট যাবে।"

গাংনী ডিগ্রি কলেজের সাবেক শিক্ষক এনামুল আজিম বলেন, "দুই দলেরই সাংগঠনিক শক্তি রয়েছে। তবে ফল নির্ভর করবে ভোটার উপস্থিতি, প্রশাসনের নিরপেক্ষ ভূমিকা এবং শেষ মুহূর্তের প্রচারণার ওপর। জনগণ যদি নির্বিঘ্নে ভোট দিতে পারে, তাহলে প্রকৃত জনমত প্রতিফলিত হবে।

## জুলাই যোদ্ধাদের দায়মুক্তি দিতে অধ্যাদেশের খসড়া প্রস্তুত: আসিফ নজরুল

সূর্যোদয় প্রতিবেদন

জুলাই গণঅভ্যুত্থানে অংশ নেওয়া যোদ্ধাদের দায়মুক্তি দিতে একটি অধ্যাদেশের খসড়া প্রস্তুত করেছে আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়। শিগগিরই এটি অনুমোদনের জন্য উপদেষ্টা পরিষদের বৈঠকে উপস্থাপন করা হবে বলে জানিয়েছেন আইন উপদেষ্টা ড. আসিফ নজরুল। বৃহস্পতিবার (৮ জানুয়ারি) বিকেলে নিজের ভেরিফায়েড ফেসবুক অ্যাকাউন্টে দেওয়া এক পোস্টে তিনি এ তথ্য জানান। 'জুলাই যোদ্ধাদের দায়মুক্তি' শিরোনামে দেওয়া পোস্টে ড. আসিফ নজরুল লেখেন, "জুলাই যোদ্ধারা জীবন বাজি রেখে দেশকে ফ্যাসিস্ট শাসন থেকে মুক্ত করেছিল। অবশ্যই তাদের দায়মুক্তির অধিকার রয়েছে। জুলাই গণঅভ্যুত্থানকালে ফ্যাসিস্ট শেখ হাসিনার খুনিদের বিরুদ্ধে তারা যে প্রতিরোধমূলক কার্যক্রম চালিয়েছে, সেজন্য দায়মুক্তি দিয়ে আইন প্রণয়নের প্রয়োজন রয়েছে।" তিনি আরও উল্লেখ করেন, এ ধরনের আইন প্রণয়ন সম্পূর্ণ বৈধ এবং আন্তর্জাতিকভাবেও এর নজির রয়েছে। পোস্টে তিনি বলেন, "আরব বসন্তসহ বিভিন্ন দেশে গণঅভ্যুত্থানের মাধ্যমে জনধিকৃত সরকারের পতনের পর দায়মুক্তির আইন প্রণয়ন করা হয়েছে। বাংলাদেশের সংবিধানের ৪৬ অনুচ্ছেদে দায়মুক্তির আইনের বৈধতা স্বীকৃত রয়েছে।" ড. আসিফ নজরুল স্মরণ করিয়ে দেন, ১৯৭৩ সালে মহান মুক্তিযুদ্ধের পর মুক্তিযোদ্ধাদের জন্যও দায়মুক্তির আইন প্রণয়ন করা হয়েছিল। আইন উপদেষ্টা বলেন, "এই সব নজির ও আইনের আলোকে আইন মন্ত্রণালয় দায়মুক্তি অধ্যাদেশের একটি খসড়া তৈরি করেছে। ইনশাআল্লাহ্ আগামী উপদেষ্টামণ্ডলীর বৈঠকে এটি অনুমোদনের জন্য উপস্থাপন করা হবে। জুলাইকে নিরাপদ রাখা আমাদের পবিত্র দায়িত্ব।" এই ঘোষণার পর রাজনৈতিক ও নাগরিক মহলে বিষয়টি নিয়ে আলোচনা শুরু হয়েছে।

লাইন ব্যবস্থা চালুর ফলে আবেদন প্রক্রিয়া সহজ হবে, সময় ও ব্যয় কমবে এবং নির্বাচনকালীন দায়িত্ব পালনে সাংবাদিক ও পর্যবেক্ষকদের ভোগান্তি হ্রাস পাবে বলে আশা করছে নির্বাচন কমিশন।

## বর্তমান প্রশাসন নিয়ে সুষ্ঠু নির্বাচন সম্ভব: মন্ত্রিপরিষদ সচিব

সূর্যোদয় প্রতিবেদন

বর্তমান প্রশাসনিক কাঠামোর মাধ্যমেই একটি সুষ্ঠু, অবাধ ও নিরপেক্ষ জাতীয় নির্বাচন আয়োজন সম্ভব–এমন আশাবাদ ব্যক্ত করেছেন মন্ত্রিপরিষদ সচিব শেখ আব্দুর রশীদ। তিনি জানিয়েছেন, নির্বাচন পরিচালনায় কোথাও কোনো ধরনের বিচ্যুতি নজরে এলে তাৎক্ষণিকভাবে প্রয়োজনীয় ব্যবস্থা নেওয়া হবে। বৃহস্পতিবার (৮ জানুয়ারি) সচিবালয়ে সাংবাদিকদের সঙ্গে আলাপকালে বিভিন্ন প্রশ্নের জবাবে এসব কথা বলেন মন্ত্রিপরিষদ সচিব।

সাংবাদিকদের এক প্রশ্নের জবাবে তিনি বলেন, তফশিল ঘোষণার আগে নিয়োগপ্রাপ্ত জেলা প্রশাসকদের (ডিসি) অভিজ্ঞতা নিয়ে যেসব আলোচনা রয়েছে, সে বিষয়ে সরকার সচেতন। বর্তমান প্রশাসনকে দিয়েই সুষ্ঠু নির্বাচন উপহার দেওয়া সম্ভব কি না–এমন প্রশ্নে তিনি বলেন, "আমি তো এখনো আশাবাদী। করা যাবে, ইনশাআল্লাহ।" শেখ আব্দুর রশীদ বলেন, অভিজ্ঞতা সব সময় পূর্ব থেকেই অর্জিত থাকে না, বরং দায়িত্ব পালনের মধ্য দিয়েই তা তৈরি হয়। "অভিজ্ঞতা তো তৈরি হয়। কোনো অবস্থায় পড়লে অভিজ্ঞতা অর্জিত হয়। তারা যদি সঠিক পথে চলেন এবং মনোভাব ঠিক থাকে, তাহলে তারা সফল হবেন–১০০ ভাগ সফল হবেন, ইনশাআল্লাহ।" তিনি আরও বলেন, মাঠ প্রশাসনের ভূমিকা সরকার নিবিড়ভাবে পর্যবেক্ষণ করছে। "আমরা যদি কোনো বিচ্যুতি দেখতে পাই, তাহলে সে অনুযায়ী ব্যবস্থা নেওয়া হবে। ঢালাওভাবে কিছু বলা যাবে না। সাধারণভাবে আমরা মনে করছি মাঠ প্রশাসন প্রস্তুত এবং যোগ্য। তবে সুনির্দিষ্ট কোনো অভিযোগ পাওয়া গেলে তা অবশ্যই তাৎক্ষণিকভাবে বিবেচনা করা হবে।" মন্ত্রিপরিষদ সচিবের এই বক্তব্যকে আসন্ন ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচনকে কেন্দ্র করে সরকারের প্রশাসনিক প্রস্তুতি ও অবস্থানের গুরুত্বপূর্ণ ইঙ্গিত হিসেবে দেখছেন সংশ্লিষ্টরা।

## হাসনাতের আসনে নির্বাচন করতে পারবেন না বিএনপির মঞ্জুরুল

সূর্যোদয় প্রতিবেদন

ঋণখেলাপি হওয়ায় কুমিল্লা-৪ আসনে নির্বাচন করতে পারবেন না বিএনপি মনোনীত প্রার্থী মঞ্জুরুল আহসান মুন্সী। বৃহস্পতিবার (৮ জানুয়ারি) বিকেলে চেম্বার আদালত হাইকোর্টের আগের স্থগিতাদেশ পুনরায় স্থগিত করে এই সিদ্ধান্ত দেন চেম্বার বিচারপতি মো. রেজাউল হক। এ মামলায় প্রিমিয়ার ব্যাংকের পক্ষে শুনানি করেন ব্যারিস্টার বিভূতি তরফদার। এর আগে হাইকোর্টের বেঞ্চ, বিচারপতি এ কে এম রবিউল হাসানের নেতৃত্বে, ঋণখেলাপি তালিকায় মঞ্জুরুলের নাম স্থগিত করেছিলেন। পরে প্রিমিয়ার ব্যাংক চেম্বার আদালতে আবেদন করে এই আদেশ স্থগিত করার জন্য।

এতে করে কুমিল্লা-৪ আসনে বিএনপির প্রার্থী হিসেবে মঞ্জুরুল নির্বাচনে অংশগ্রহণ করতে পারছেন না। এই আসনে বর্তমানে এনসিপি নেতা হাসনাত আবদুল্লাহ জামায়াতের নেতৃত্বাধীন ১১ দলীয় জোটের প্রার্থী হিসেবে নির্বাচন লড়াই করছেন। স্থানীয় রাজনৈতিক বিশ্লেষকরা মনে করছেন, প্রার্থী পরিবর্তনের কারণে নির্বাচনী পরিস্থিতি আরও উত্তপ্ত ও অপ্রত্যাশিত হয়ে উঠতে পারে। কুমিল্লা-৪ আসনের ভোটারদের নজর এখন মূলত প্রার্থী ও তাদের রাজনৈতিক কর্মকাণ্ডের দিকে কেন্দ্রীভূত হয়েছে।

## কেউ আমাকে থামাতে পারবে না: রুমিন ফারহানা

সূর্যোদয় প্রতিবেদন

দল থেকে বহিষ্কৃত বিএনপির সাবেক সহ-আন্তর্জাতিক বিষয়ক সম্পাদক ব্যারিস্টার রুমিন ফারহানা বলেছেন, 'পাঁচ বছর যদি চোখ রাঙাইয়া শেখ হাসিনার কাছ থেকে চলে আসতে পারি, আর কোনো বাপের বেটা নাই যে আমারে থামাইতে পারে।' মঙ্গলবার বিকেলে ব্রাহ্মণবাড়িয়া-২ (সরাইল, আশুগঞ্জ ও বিজয়নগর একাংশ) আসনের সরাইল উপজেলার কুচনি বুড্ডা গ্রামে ভোটারদের সঙ্গে মতবিনিময়কালে তিনি এসব কথা বলেন। রুমিন ফারহানা বলেন, রাজনীতিতে এখন প্রার্থী 'ভাড়া' করার প্রবণতা তৈরি হয়েছে। তিনি বলেন, 'এখন শুনতে হয় ধান নাকি খেজুর গাছ। ক্ষমতায় গেলেই কেউ কেউ চাঁদাবাজি আর ধান্দাবাজি করে দুই মাসে ২০০ কোটি টাকা কামাইতে চায়–এটা ঠিক না।' তিনি আরও বলেন, ব্যবসা দখল, বালু উত্তোলন ও অবৈধ মাটি ভরাটের মতো কর্মকাণ্ড রাজনীতিকে প্রশ্নবিদ্ধ করছে। এসব অন্যায় কাজ মানুষের আস্থা নষ্ট করে দিচ্ছে বলেও মন্তব্য করেন তিনি। সাবেক এই বিএনপি নেতা বলেন, মানুষ সহজে কথা বলে না। কিন্তু যখন মানুষ জেগে ওঠে, তখন পরিস্থিতি ভয়াবহ হয়–৫ আগস্টের ঘটনা তার প্রমাণ। তিনি দৃঢ় কণ্ঠে বলেন, 'আমি যতদিন বেঁচে আছি, সত্য কথা বলব। যে অন্যায় করবে, সে যেই হোক, তার বিরুদ্ধেই কথা বলব।'

## বিদ্রোহী প্রার্থীদের বিষয়ে সাংগঠনিক সিদ্ধান্ত নেওয়া হচ্ছে: সালাহউদ্দিন আহমদ

সূর্যোদয় প্রতিবেদন

আসন্ন ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচনকে সামনে রেখে বিএনপির মনোনয়নবঞ্চিত ও বিদ্রোহী প্রার্থীদের বিষয়ে সাংগঠনিকভাবে সিদ্ধান্ত নেওয়া হচ্ছে বলে জানিয়েছেন দলটির স্থায়ী কমিটির সদস্য সালাহউদ্দিন আহমদ। তিনি বলেন, অনেক ক্ষেত্রে বিদ্রোহী প্রার্থীদের ডেকে বোঝানোর চেষ্টা করা হয়েছে এবং প্রয়োজন অনুযায়ী সাংগঠনিক পদক্ষেপও নেওয়া হচ্ছে। বৃহস্পতিবার সকালে রাজধানীর গুলশানে বিএনপির রাজনৈতিক কার্যালয়ে সাংবাদিকদের সঙ্গে আলাপকালে তিনি এসব কথা বলেন। সালাহউদ্দিন আহমদ বলেন, বিএনপির মতো একটি বড় রাজনৈতিক দলে প্রার্থী প্রত্যাশীর সংখ্যা বেশি হওয়াই স্বাভাবিক। অনেক যোগ্য প্রার্থী প্রত্যাশা অনুযায়ী মনোনয়ন পাননি। তবে বৃহত্তর রাজনৈতিক স্বার্থে এবং সংসদে বহুদলীয় প্রতিনিধিত্ব নিশ্চিত করতে গিয়ে দলকে কিছু কঠিন সিদ্ধান্ত নিতে হয়েছে। এ কারণে কারও কারও মধ্যে অসন্তোষ সৃষ্টি হয়েছে। তিনি বলেন, 'কিছু ক্ষেত্রে সাংগঠনিক ব্যবস্থা নেওয়া হয়েছে, আবার কিছু ক্ষেত্রে তাদের বোঝানোর মাধ্যমে পরিস্থিতি শান্ত রাখার চেষ্টা চলছে। আশা করছি, খুব দ্রুত এসব বিষয় মীমাংসা হয়ে যাবে।' বিএনপির ভারপ্রাপ্ত চেয়ারম্যান তারেক রহমানের উত্তরাঞ্চল সফর নিয়ে আচরণবিধি লঙ্ঘনের অভিযোগ প্রসঙ্গে সালাহউদ্দিন আহমদ বলেন, গণঅভ্যুত্থানের শহীদদের প্রতি শ্রদ্ধা নিবেদন এবং কবর জিয়ারত করা জাতির প্রত্যাশারই অংশ। এতে নির্বাচন আচরণবিধি লঙ্ঘনের কোনো প্রশ্ন নেই। তিনি আরও বলেন, 'আমরা সবাইকে অনুরোধ করব, ২০২৪ সালের গণঅভ্যুত্থানকে যেন প্রশ্নবিদ্ধ না করা হয়। শহীদদের আত্মত্যাগকে জাতীয়ভাবে আরও মহিমান্বিত করতে হবে।' সালাহউদ্দিন আহমদ বলেন, দেশের একটি প্রধান রাজনৈতিক দল হিসেবে এবং দলের শীর্ষ নেতা হিসেবে তারেক রহমান যদি শহীদদের কবর জিয়ারত করেন, তা গণঅভ্যুত্থানের চেতনাকেই ধারণ ও শক্তিশালী করবে।

## ভিসা বন্ড আরোপ দুঃখজনক, তবে অস্বাভাবিক নয়: পররাষ্ট্র উপদেষ্টা

সূর্যোদয় প্রতিবেদন

যুক্তরাষ্ট্রে প্রবেশের ক্ষেত্রে বাংলাদেশি নাগরিকদের ওপর 'ভিসা বন্ড' বা জামানত আরোপের সিদ্ধান্তকে দুঃখজনক হলেও অস্বাভাবিক নয় বলে মন্তব্য করেছেন অন্তর্বর্তী সরকারের পররাষ্ট্র উপদেষ্টা মো. তৌহিদ হোসেন। বৃহস্পতিবার পররাষ্ট্র মন্ত্রণালয়ে সাংবাদিকদের সঙ্গে আলাপকালে তিনি বলেন, যুক্তরাষ্ট্রের এই সিদ্ধান্ত কেবল বাংলাদেশের জন্য নয়; যেসব দেশের ক্ষেত্রে অভিবাসনসংক্রান্ত সমস্যা রয়েছে, তাদের অনেককেই এ তালিকায় অন্তর্ভুক্ত করা হয়েছে। পররাষ্ট্র উপদেষ্টা বলেন, যুক্তরাষ্ট্রের সামাজিক সেবা ব্যবস্থার ওপর যেসব দেশের নাগরিকদের নির্ভরতার প্রবণতা তুলনামূলক বেশি, তাদের ক্ষেত্রেই এ ধরনের ব্যবস্থা নেওয়া হচ্ছে। সে বিবেচনায় বাংলাদেশকে তালিকায় রাখা দুঃখজনক হলেও অপ্রত্যাশিত নয়। তিনি আরও বলেন, এই প্রক্রিয়াটি নতুন নয় এবং এটি দীর্ঘদিন ধরেই কার্যকর রয়েছে। যদি এক বছরে হঠাৎ করে এমন সিদ্ধান্ত নেওয়া হতো, তাহলে বর্তমান সরকারের দায় থাকার প্রশ্ন উঠত। তবে যেহেতু এটি একটি পুরোনো নীতি, তাই এর দায় আগের সব সরকারের নীতিগত সীমাবদ্ধতার সঙ্গেই সংশ্লিষ্ট। অনিয়মিত অভিবাসনের বিষয়ে তৌহিদ হোসেন বলেন, অন্তর্বর্তী সরকার প্রথম দিন থেকেই এই প্রবণতার বিরুদ্ধে কঠোর অবস্থান নিয়েছে। অনিয়মিত অভিবাসন বন্ধ করাই এ সমস্যার একমাত্র সমাধান। যতদিন এটি বন্ধ করা না যাবে, ততদিন ভূমধ্যসাগরসহ বিভিন্ন পথে মৃত্যুর খবর আসতেই থাকবে। তিনি বলেন, পর্যাপ্ত সামর্থ্য না থাকা সত্ত্বেও ট্যুরিস্ট ভিসায় বিদেশে গিয়ে ঝুঁকিপূর্ণ পথে পাড়ি দেওয়ার প্রবণতা রোধ করা না গেলে পরিস্থিতির উন্নতি সম্ভব নয়। এদিকে, মার্কিন পররাষ্ট্র দপ্তরের তথ্য অনুযায়ী, যুক্তরাষ্ট্রে প্রবেশের ক্ষেত্রে ৩৮টি দেশের নাগরিকদের সর্বোচ্চ ১৫ হাজার ডলার পর্যন্ত ভিসা বন্ড দিতে হবে। সর্বশেষ তালিকায় বাংলাদেশসহ ২৫টি দেশের নাম যুক্ত করা হয়েছে, যা আগামী ২১ জানুয়ারি থেকে কার্যকর হবে। ভিসা বন্ড প্রত্যাহারে সরকারের উদ্যোগ প্রসঙ্গে পররাষ্ট্র উপদেষ্টা বলেন, বিষয়টি সদ্য কার্যকর হয়েছে। কূটনৈতিক প্রক্রিয়ার মাধ্যমে এ সিদ্ধান্ত থেকে বাংলাদেশকে অব্যাহতি দেওয়ার চেষ্টা করা হবে।

## বিপিএলে টানা ষষ্ঠ হার নোয়াখালীর

সূর্যোদয় প্রতিবেদন

বাংলাদেশ প্রিমিয়ার লিগে (বিপিএল) প্রথমবার অংশ নিয়েই টানা ষষ্ঠ হারের তিক্ত স্বাদ পেল নোয়াখালী এক্সপ্রেস। দিনের প্রথম ম্যাচে রাজশাহী ওয়ারিয়র্সের বিপক্ষে ৪ উইকেটে পরাজিত হয়ে চলতি আসরে হারের 'হেক্সা' পূর্ণ হলো নবাগত দলটির। ম্যাচে টস হেরে আগে ব্যাট করতে নেমে নির্ধারিত ২০ ওভারে ৫ উইকেট হারিয়ে ১৫১ রান সংগ্রহ করে নোয়াখালী। জবাবে রাজশাহী ওয়ারিয়র্স ৬ বল ও ৪ উইকেট হাতে রেখেই জয়ের লক্ষ্যে পৌঁছে যায়। লক্ষ্য তাড়া করতে নেমে রাজশাহীকে দুর্দান্ত সূচনা এনে দেন ওপেনার মোহাম্মদ ওয়াসিম ও তানজিদ হাসান তামিম। এই জুটি ৫ ওভারে ৪৭ রান যোগ করেন। ২১ রান করে তানজিদ আউট হলে দলীয় সংগ্রহে বড় ভূমিকা রাখতে পারেননি অধিনায়ক নাজমুল হোসেন শান্ত, তিনি ফেরেন মাত্র ১ রান করে। অভিজ্ঞ মুশফিকুর রহিমও প্রত্যাশা পূরণ করতে ব্যর্থ হন, ২২ বলে করেন ১৯ রান। তবে একপ্রান্ত আগলে রেখে ফিফটি তুলে নেন মোহাম্মদ ওয়াসিম। ৩৫ বলে ৬০ রান করে আউট হন তিনি। এরপর ইয়াসির রাব্বী (৯) ও এসএম মেহেরব (৮) দ্রুত ফিরলেও রায়ান বার্ল ও তানজিম হাসান সাকিব জুটি গড়ে দলকে জয়ের বন্দরে পৌঁছে দেন। বার্ল ১৯ ও তানজিম ১ রান নিয়ে অপরাজিত থাকেন।

এর আগে নোয়াখালীর হয়ে ব্যাট হাতে উজ্জ্বল ছিলেন সৌম্য সরকার। ৪৩ বলে ৬টি চার ও ৩টি ছক্কায় ৫৯ রান করেন তিনি। মোহাম্মদ নবি ৩৫ ও মাহিদুল ইসলাম অঙ্কন করেন ১০ রান। রাজশাহীর পক্ষে রিপন মণ্ডল ২টি উইকেট নেন।

## বিসিবির মতামতকে গুরুত্ব দিচ্ছে আইসিসি

সূর্যোদয় প্রতিবেদন

২০২৬ সালের আইসিসি পুরুষ টি-টোয়েন্টি বিশ্বকাপে বাংলাদেশের অংশগ্রহণ নিয়ে তৈরি হওয়া অনিশ্চয়তা এখনো পুরোপুরি কাটেনি। নিরাপত্তাজনিত উদ্বেগের কারণে ভারতে গিয়ে ম্যাচ খেলতে না চাওয়ার অবস্থান জানিয়ে ইতোমধ্যে আন্তর্জাতিক ক্রিকেট কাউন্সিলের (আইসিসি) কাছে আনুষ্ঠানিকভাবে ই-মেইল পাঠিয়েছে বাংলাদেশ ক্রিকেট বোর্ড (বিসিবি)। তবে বোর্ডের সর্বশেষ বক্তব্য অনুযায়ী, বিসিবির মতামত ও চাওয়াকে যথেষ্ট গুরুত্ব দিচ্ছে আইসিসি। বিসিবি এক বিবৃতিতে জানিয়েছে, আইসিসির পক্ষ থেকে পাঠানো বার্তায় স্পষ্ট করে বলা হয়েছে–বিশ্বকাপে বাংলাদেশ দল যেন পূর্ণাঙ্গভাবে ও নির্বিঘ্নে অংশগ্রহণ করতে পারে, সে বিষয়টি নিশ্চিত করতে তারা দৃঢ়ভাবে প্রতিশ্রুতিবদ্ধ। একই সঙ্গে টুর্নামেন্টের নিরাপত্তা ইস্যুতে বিসিবির উদ্বেগগুলো সমাধানে ঘনিষ্ঠভাবে কাজ করতে আগ্রহ প্রকাশ করেছে ক্রিকেটের সর্বোচ্চ নিয়ন্ত্রক সংস্থা। বিবৃতিতে আরও বলা হয়, ইভেন্টের বিস্তারিত নিরাপত্তা পরিকল্পনা প্রণয়নের ক্ষেত্রে বিসিবির মতামত ও প্রস্তাবগুলো গুরুত্বসহকারে বিবেচনা করা হবে বলে আইসিসি আশ্বাস দিয়েছে। এদিকে গতকাল একটি আন্তর্জাতিক ক্রিকেটবিষয়ক গণমাধ্যমে দাবি করা হয়, ভারতেই খেলতে বাধ্য করার বিষয়ে নাকি বাংলাদেশকে আইসিসি আলটিমেটাম দিয়েছে, অন্যথায় পয়েন্ট কাটার হুমকি রয়েছে। তবে এ দাবি সম্পূর্ণ ভিত্তিহীন বলে উড়িয়ে দিয়েছে বিসিবি। বোর্ডের ভাষ্য, আইসিসির সঙ্গে যে ধরনের যোগাযোগ হচ্ছে, প্রকাশিত দাবির সঙ্গে তার কোনো মিল নেই। বিসিবির আশা, পারস্পরিক বোঝাপড়ার মাধ্যমে একটি বাস্তবসম্মত ও সৌহার্দপূর্ণ সমাধান বের হবে, যাতে বাংলাদেশ সফলভাবে বিশ্বকাপে অংশ নিতে পারে।